

নিজের ২ বছরের শিশু সন্তানকে হত্যায় অভিযুক্ত পিতা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির ব্রঙ্কসে ২ বছর বয়সী এক শিশু নিহতের ঘটনায় তার পিতাকে জড়িত থাকার অভিযোগ *১১-এর পৃষ্ঠায় দেখুন*

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়কে শত কোটি ডলার জরিমানা

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছ থেকে ১০০ কোটি ডলারের জরিমানা দাবি করেছেন।

ট্রাম্প প্রশাসনের অভিযোগ, ২০২৪ সালে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের লস অ্যাঞ্জেলেস ক্যাম্পাসে ফিলিস্তিনের পক্ষে শিক্ষার্থীদের বিক্ষোভের সময় ইহুদিবিদ্বেষী আক্রমণের ঘটনা ঘটেছে। আর এর জন্যই এমন জরিমানা দাবি করা হয়েছে। সম্প্রতি একই ধরনের অভিযোগে কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেও ট্রাম্প প্রশাসনের সঙ্গে সমঝোতা করতে হয়েছে। কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় *১১-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 29 ॥ Issue 45 / August 11, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪৫ ॥ সোমবার, আগস্ট ১১, ২০২৫, শ্রাবণ ২৭, ১৪৩২ ॥ সফর ১৬, ১৪৪৭

মুনা কনভেনশনে হাজারো মুসলিম নর-নারীর উপস্থিতিতে মুখরিত ফিলাডেলফিয়া

নতুন প্রজন্মকে ইসলামের আলোকবর্তিকা হিসেবে গড়ে তোলার আহ্বান

বিশেষ প্রতিনিধি: ইসলাম শান্তির ধর্ম। মুসলিম-নন মুসলিম সবার জন্যই ইসলাম শান্তির বার্তা বহন করে। যুদ্ধ সহ বিশ্বব্যাপী চলমান অশান্তি থেকে শান্তির পথে আসতে হলে ইসলামের অনুশাসন মেনে চলার কোন বিকল্প নেই। যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের ফিলাডেলফিয়া শহরের ঐতিহাসিক 'পেনসিলভানিয়া কনভেনশন সেন্টার'-এ অনুষ্ঠিত তিনদিনব্যাপী মুনা কনভেনশনের বিভিন্ন সেমিনারে বক্তারা এসব কথা বলেন। বক্তারা গাজায় ইসরাইলী আগ্রাসন বন্ধ এবং ফিলিস্তিনী জনগণের স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠায় কার্যকর ভূমিকা রাখার জন্যও সকল মুসলিম রাষ্ট্র ও মুসলমানদের ঐক্যবদ্ধ হওয়ার উপরও গুরুত্বারাপ করেন। এছাড়াও কনভেনশনে বক্তারা *১৬-এর পৃষ্ঠায় দেখুন*



ট্রাম্পের নতুন বাজেট প্রস্তাবে

স্বাস্থ্যসেবা বঞ্চিত হতে পারেন ২ লাখ অভিবাসী বাংলাদেশী

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ট্রাম্প দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় আসার পর সবচেয়ে বেশি খড়গহস্ত এসেছে অভিবাসীদের উপর। এবার সেই খড়গহস্ত নামতে যাচ্ছে বাংলাদেশী অভিবাসীদের উপরও। ট্রাম্পের 'ওয়ান বিগ বিউটিফুল' বিলের কারণে ২০ লাখের বেশি অভিবাসী ও নিম্ন আয়ের মানুষ স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকিতে পড়েছেন। প্রায় ২ কোটি ৩০ লাখ মানুষ এবং ২ থেকে আড়াই লাখ বাংলাদেশি অভিবাসী স্বাস্থ্যসেবা নিয়ে ক্ষতির মুখে পড়বেন। মেডিকেয়ার ও মেডিকেইডে বড় *১১-এর পৃষ্ঠায় দেখুন*

কংগ্রেসে অভিবাসন সংক্রান্ত নতুন বিল প্রস্তাব

পাওয়া যাবে দ্রুত গ্রীন কার্ড: অনিবন্ধিতরা পাবেন বৈধতা

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের ইমিগ্র্যাশন ক্র্যাকডাউনের মধ্যেও অভিবাসন প্রত্যাশীদের জন্য বড় সুযোগ সৃষ্টি হচ্ছে যুক্তরাষ্ট্রে। সম্প্রতি "ডিগনিটি অ্যাক্ট অব ২০২৫" নামে দ্বিদলীয় নতুন অভিবাসন বিল কংগ্রেসে উত্থাপন করা হয়েছে। আর এটি পাস হলে দীর্ঘদিন ধরে ব্যাকলগে থাকা গ্রীন কার্ড আবেদনকারীরা প্রিমিয়াম ফি দিয়ে দ্রুত কার্ড পেতে পারেন এবং নির্দিষ্ট অনিবন্ধিত অভিবাসীরা বৈধভাবে আমেরিকায় থাকা ও কাজের সুযোগ পাবেন।

বিলটির কার্যকর হলে যারা গ্রিন কার্ডের জন্য ১০ বছরের বেশি সময় ধরে অপেক্ষায় আছেন, তারা ২০ হাজার ডলার প্রিমিয়াম ফি দিয়ে দ্রুত প্রক্রিয়ায় আবেদন নিষ্পত্তি করতে পারবেন। এছাড়া বিলটির মাধ্যমে অভিবাসন ব্যবস্থার বড় ধরনের সংস্কার, সীমান্ত নিরাপত্তা জোরদার এবং নির্দিষ্ট অনিবন্ধিত অভিবাসীদের জন্য বৈধতার পথ উন্মুক্ত করার লক্ষ্য নিয়েছে।



রিপাবলিকান কংগ্রেসওম্যান মারিয়া সালাজার গত মাসে এই বিলটি পেশ করেন, সহপ্রস্তাবক ছিলেন টেক্সাসের ডেমোক্র্যাট ভেরোনিকা এসকোবার।

তথ্যমতে, বিলের মাধ্যমে তৈরি হওয়া বিশেষ "ইমিগ্রেশন ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড ডেট রিডাকশন ফান্ড"– এ প্রিমিয়াম ফি জমা হবে, যা ভিসা আবেদন জট কমানো ও অভিবাসন ব্যবস্থার উন্নয়নে ব্যয় করা হবে।

এছাড়া গ্রিন কার্ডের দেশভিত্তিক সীমা বর্তমান ৭% থেকে বাড়িয়ে ১৫% করার প্রস্তাব দেওয়া হয়েছে, যাতে উচ্চ চাহিদার দেশগুলোর দীর্ঘ অপেক্ষার সময় কমে আসে।

বিল অনুযায়ী, ২০২১ সালের আগে যুক্তরাষ্ট্রে আসা অনিবন্ধিত অভিবাসীরা সর্বোচ্চ সাত বছরের জন্য বৈধভাবে থাকার ও কাজের অনুমতি পাবেন। সুশৃঙ্খল আচরণ ও ক্ষতিপূরণ প্রদানের ভিত্তিতে এই বৈধতার মেয়াদ নবায়ন করা *১১-এর পৃষ্ঠায় দেখুন*

অবৈধ অভিবাসীদের শনাক্তে

করদাতাদের বিশাল তথ্য আইস'র হাতে!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ রাজস্ব বিভাগ (আইআরএস) প্রথমবারের মতো বিপুল পরিমাণ করদাতার সংবেদনশীল তথ্য ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) ও আইস কর্তৃপক্ষকে প্রদান করেছে। যা অবৈধ অভিবাসীদের সন্ধানে



ব্যবহার করা হবে বলে সিএনএনকে জানিয়েছেন এ বিষয়ে অবগত দুটি সূত্র।

সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ব্যাপক বহিষ্কার অভিযান পরিকল্পনার অংশ হিসেবে গত এপ্রিলে *৬-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

যুক্তরাষ্ট্রের ভিসা-বন্ড প্রোগ্রাম ২০ আগস্ট থেকে কার্যকর

প্রাথমিক তালিকায় নেই বাংলাদেশ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে চালু হতে যাচ্ছে নতুন ভিসা-বন্ড ব্যবস্থা। ইউএস স্টেট ডিপার্টমেন্টের ঘোষণা অনুযায়ী, এর পাইলট প্রোগ্রাম কার্যক্রম শুরু হবে ২০ আগস্ট। তবে প্রাথমিক এ তালিকায় বাংলাদেশের নাম নেই। যদিও পরবর্তী সময়ে এতে অন্য দেশকে যুক্ত করার সম্ভাবনা রয়েছে বলে যুক্তরাষ্ট্রের একাধিক গণমাধ্যমের খবরগুলোতে দাবি করা হয়েছে।

পররাষ্ট্র দপ্তরের ঘোষণা অনুযায়ী, প্রথম দফায় শুধু মালাউই ও জাম্বিয়ার নাগরিকরাই এ ব্যবস্থার আওতায় আছেন, যা ২০ আগস্ট শুরু হয়ে ১২ মাসব্যাপী চলবে। এ পাইলট প্রকল্প বি-১ (ব্যবসায়িক) ও বি-টু (পর্যটন) ভিসাধারী নির্দিষ্ট কিছু দেশের নাগরিকদের জন্য প্রযোজ্য হবে। এর আওতায় ভিসা আবেদনকারীকে ৫ *১১-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

যুক্তরাষ্ট্রের শুল্কে ভারতের পোশাক খাত সংকটের পথে, উত্থানের সম্ভাবনা বাংলাদেশের

বাংলা পত্রিকা ডেস্ক: ভারতের পোশাক শিল্পে নেমে এসেছে এক অভূতপূর্ব সংকট। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষিত ৫০ শতাংশ শুল্কে দেশটির তৈরি পোশাক রপ্তানি কার্যত বিপর্যস্ত হয়ে পড়েছে। বৃহৎ মার্কিন ক্রেতারা অর্ডার স্থগিত করছেন, এমনকি অনেককে বাংলাদেশ ও ভিয়েতনামের মতো কম শুল্কের দেশে উৎপাদন স্থানান্তরের পরামর্শও দিচ্ছেন। এর ফলে ভারতের দক্ষিণাঞ্চলের পোশাক শিল্পাঞ্চল তিরুপ্পুর থেকে শুরু করে শীর্ষ রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলোতে নেমেছে আতঙ্ক।



পার্ল গ্লোবাল, রিচাকো এক্সপোর্টস ও রেমন্ডের মতো শীর্ষ প্রস্তুতকারকরা ইতোমধ্যে বিদেশি কারখানায় উৎপাদন সরিয়ে নেওয়ার পরিকল্পনা করছেন। কেউ যাচ্ছেন বাংলাদেশে, কেউ ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, গুয়াতেমালা, এমনকি নেপাল ও ইথিওপিয়া পর্যন্ত ভাবছেন। কারণ, যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পোশাকের ওপর শুল্ক ২০ শতাংশ, আর ইথিওপিয়ার ক্ষেত্রে মাত্র ১০ শতাংশ। ভারতীয় উদ্যোক্তারা বলছেন, অতিরিক্ত শুল্কের চাপ ভাগ করে নেওয়া প্রায় অসম্ভব, ফলে অনেক ক্রেতা সম্পর্ক হারানোর ঝুঁকি তৈরি হয়েছে।

পরিস্থিতি আরও জটিল করেছে ভারতের ওপর আগে থেকেই থাকা শ্রমিক সংকট ও সীমিত উৎপাদন সক্ষমতা। এতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগ বড় ধাক্কা খেতে চলেছে। অন্যদিকে, ভারতের সঙ্গে নয়াদিল্লি-ওয়াশিংটনের কূটনৈতিক টানাপোড়েন এই শুল্কের পেছনে ভূমিকা রেখেছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

অপরদিকে, একই সময়ে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশ পোশাক রপ্তানিতে এক লাফে এগিয়ে গেছে। চলতি বছরের জুন মাসে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে টেক্সটাইল ও অ্যাপারেল রপ্তানি বেড়েছে ৪৪ দশমিক ৬ শতাংশ, যেখানে ভারতের প্রবৃদ্ধি মাত্র ৩ দশমিক ৩ শতাংশ। ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত যুক্তরাষ্ট্রে বাংলাদেশের মোট রপ্তানি বেড়ে দাঁড়িয়েছে ৪ দশমিক ৩৬ বিলিয়ন ডলার, যা গত বছরের একই সময়ে ছিল ৩ দশমিক ৫১ বিলিয়ন ডলার।

ভিয়েতনামও প্রবৃদ্ধির ধারা বজায় রেখেছে, জুন মাসে রপ্তানি বেড়েছে ২৬ দশমিক ২ শতাংশ। বিপরীতে চীন টানা তিন মাস ধরে যুক্তরাষ্ট্রের বাজারে বড় ধস দেখছে; জুনে রপ্তানি কমেছে ৪১ শতাংশ। ফলে, যুক্তরাষ্ট্রের বাজারে এশিয়ার পোশাক বাণিজ্যের শক্তির ভারসাম্য দ্রুত বদলে যাচ্ছে।

ভারতের জন্য এটি শুধু অর্থনৈতিক আঘাত নয়, বরং এশিয়ার পোশাক মানচিত্রে নিজেদের অবস্থান হারানোর শঙ্কা। অন্যদিকে, বাংলাদেশের জন্য এটি হয়ে উঠছে ঐতিহাসিক সুযোগ, যা বিশ্ববাণিজ্যে দেশের অবস্থান আরও মজবুত করতে পারে।

নারী ভোটাধিকার বাতিলে সমর্থন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রীর, তীব্র বিতর্ক

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে নারী ভোটাধিকার নিয়ে নতুন করে তীব্র বিতর্ক শুরু হয়েছে প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথকে ঘিরে। সম্প্রতি তিনি তাঁর এক্স হ্যান্ডলে একটি ভিডিও রিপোস্ট করেন, যেখানে খ্রিষ্টান জাতীয়তাবাদী মতাদর্শে বিশ্বাসী একাধিক যাজক প্রকাশ্যে নারীদের ভোটাধিকার বাতিলের পক্ষে মত দেন। ভিডিওতে দেখা যায়, কমুনিয়ন অব রিফর্মড ইভানজেলিক্যাল চার্চেসের সহপ্রতিষ্ঠাতা ডগ উইলসনের গির্জার এক যাজক সংবিধান থেকে নারীদের ভোটাধিকারের ধারা মুছে ফেলার আহ্বান জানাচ্ছেন। আরেকজন যাজক বলেন, তাঁর স্বপ্নের পৃথিবীতে ভোট হবে পরিবারভিত্তিক। এক নারী সদস্যকেও ভিডিওতে স্বামীর প্রতি নিঃশর্ত আনুগত্যের বার্তা দিতে শোনা যায়।



ভিডিওর সঙ্গে হেগসেথ লিখেছেন, "অষষ ড়ভ ঈযৎরঃং ভড়ৎ অষষ ড়ভ খরভব" যার অর্থ, জীবনের প্রতিটি ক্ষেত্রে খ্রিষ্টান ধর্মীয় নীতি কার্যকর করা। সমালোচকদের মতে, এর মধ্য দিয়ে তিনি এমন এক চরমপন্থী খ্রিষ্টান জাতীয়তাবাদী ধারণাকে সমর্থন করেছেন, যেখানে রাষ্ট্র পরিচালনা থেকে শুরু করে সংস্কৃতি, শিক্ষা, অর্থনীতি এবং পারিবারিক কাঠামোড়সব কিছুই ধর্মীয় মূল্যবোধের অধীনে থাকবে। পোস্টটি দ্রুত ভাইরাল হয়, ১২ হাজারের বেশি লাইক এবং দুই হাজারের বেশি শেয়ার পায়। কেউ কেউ সমর্থন জানালেও অনেকেই প্রশ্ন তুলেছেন, যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রীর মতো গুরুত্বপূর্ণ পদে থাকা একজন ব্যক্তির পক্ষপাতদুষ্ট ধর্মীয় ও নারীবিরোধী বার্তা দেওয়া কতটা গ্রহণযোগ্য।

প্রগতিশীল ইভানজেলিক্যাল সংগঠন 'ভোট কমন গুড'-এর নির্বাহী পরিচালক ডগ প্যাগিট, হেগসেথের এই পদক্ষেপকে "খুবই বিরক্তিকর" বলে মন্তব্য করেছেন। তাঁর মতে, ভিডিওতে প্রদর্শিত মতবাদ খ্রিষ্টানদের মাত্র অল্প একটি গোষ্ঠীর বিশ্বাস, যা যুক্তরাষ্ট্রের সাংবিধানিক মূল্যবোধের সঙ্গে সাংঘর্ষিক। পেন্টাগনের মুখপাত্র শন পার্নেল অবশ্য জানিয়েছেন, হেগসেথ সিআরইসির সঙ্গে যুক্ত একটি চার্চের সদস্য এবং উইলসনের শিক্ষা তিনি গভীরভাবে উপলব্ধি করেন।

হেগসেথ এর আগেও ব্যক্তিগতভাবে ধর্মীয় কার্যক্রমে যুক্ত ছিলেন। গত মে মাসে তিনি নিজের যাজক ব্রুকস পোটেইগারকে পেন্টাগনে আমন্ত্রণ জানান এবং সরকারি কর্মঘণ্টায় কয়েক দফা প্রার্থনা সভার আয়োজন করেন, যেখানে প্রতিরক্ষা বিভাগের কর্মীরা সরকারি ই-মেইলের মাধ্যমে আমন্ত্রণ পান।

ডগ উইলসনের উক্তিও সিএনএনের প্রতিবেদনে তুলে ধরা হয়, যেখানে তিনি বলেন, তিনি চান যুক্তরাষ্ট্র এবং বিশ্ব একটি খ্রিষ্টান রাষ্ট্রব্যবস্থার অধীনে পরিচালিত হোক। এই বক্তব্য যুক্তরাষ্ট্রে নারী ভোটাধিকার অর্জনের দীর্ঘ সংগ্রামের ইতিহাসকে সামনে এনে নতুন করে উদ্বেগ সৃষ্টি করেছে।

১৮৪৮ সালে নিউইয়র্কের সেনেকা ফলসে প্রথম নারী অধিকার সম্মেলনের মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রে নারী ভোটাধিকার আন্দোলনের সূচনা হয়।

১৫ আগস্ট আলাস্কায় পুতিনের সঙ্গে বসবেন ট্রাম্প, ইঙ্গিত দিলেন অঞ্চল বিনিময়ের

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগামী ১৫ আগস্ট আলাস্কায় রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠকে বসবেন। ট্রাম্প নিজেই এ কথা নিশ্চিত করেছেন। এই বৈঠকের মূল আলোচনার বিষয় হবে ইউক্রেন যুদ্ধ সমাপ্তির চেষ্টা।

তবে এ বিষয়ে ট্রাম্প বলেছেন, যেকোনো শান্তিচুক্তির জন্য হয়তো 'কিছু অঞ্চল বিনিময়' করতে হবে। এমন বিতর্কিত সম্ভাবনার ইঙ্গিত দিয়েছেন ট্রাম্প। ট্রাম্প গত শুক্রবার হোয়াইট হাউসে আর্মেনিয়া ও আজারবাইজানের নেতাদের সঙ্গে আলোচনার সময় এই ঘোষণা দেন। তিনি বলেন, আমরা রাশিয়ার সঙ্গে একটি বৈঠক করতে যাচ্ছি। আমরা রাশিয়াকে দিয়েই শুরু করব।

রাশিয়া ইউক্রেন যুদ্ধ বন্ধে নতুন কোনো অগ্রগতি হয়েছে কি না, সে বিষয়ে ট্রাম্প বিস্তারিত কিছু জানাননি। তবে শান্তি চুক্তির জন্য অঞ্চল বিনিময় করা প্রয়োজন হবে বলে ইঙ্গিত দিয়েছেন তিনি।

ইউক্রেন এবং তাদের ইউরোপীয় মিত্ররা দীর্ঘদিন ধরে এমন কোনো চুক্তির বিরোধিতা করে আসছেন, যে চুক্তির মাধ্যমে ক্রিমিয়া, দোনেৎস্ক, খেরসন, লুহানস্ক ও জাপোরিঝিয়ার মতো অঞ্চলগুলো রাশিয়াকে ছেড়ে দিতে হবে। বর্তমানে এই অঞ্চলগুলোর নিয়ন্ত্রণ রাশিয়ার হাতে।



১০ বছর ধরে অবনমন ঘটছে বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার মান

বাংলা পত্রিকা ডেস্ক: টাইমস হায়ার এডুকেশন, কিউএস র‍্যাংকিংয়ের মতো বিভিন্ন আন্তর্জাতিক র‍্যাংকিংয়ের মাধ্যমে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক পরিসরে কোন অবস্থানে আছে সে সম্পর্কে ধারণা পাওয়া যায়। প্রতি বছর তথ্য হালনাগাদ হওয়ায় আন্তর্জাতিক মানদণ্ডে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর অবস্থান, পরিস্থিতি ও শিক্ষার মানের উন্নয়ন বা অবনমনের চিত্র সহজেই উঠে আসে। তবে প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত এমন কোনো আন্তর্জাতিক র‍্যাংকিংয়ের সঙ্গে বাংলাদেশ সংযুক্ত নয়। ফলে বাংলাদেশের মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার মান আন্তর্জাতিক মানদণ্ডে কেমন তা নিয়মিত জানার বা তুলনা করার সুযোগ নেই। সর্বশেষ আন্তর্জাতিক মানদণ্ডের বিপরীতে বাংলাদেশের মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার মানের একটি চিত্র উঠে এসেছিল বিশ্বব্যাংকের হিউম্যান ক্যাপিটাল ইনডেক্সের প্রতিবেদনে। এ ইনডেক্স অনুযায়ী বাংলাদেশের একজন শিক্ষার্থী ১০ বছর ২ মাস শিক্ষাজীবন শেষে অর্থাৎ একাদশ শ্রেণীতে যা শিখছে তা আন্তর্জাতিক মান অনুযায়ী ছয় বছরের অর্থাৎ ষষ্ঠ শ্রেণীর দক্ষতার সমান। এ ইনডেক্সে বাংলাদেশের সর্বশেষ ২০২০ সালের তথ্য রয়েছে।

হিউম্যান ক্যাপিটাল ইনডেক্সের আগের সংস্করণের তথ্যের সঙ্গে তুলনা করে দেখা গেছে, দিন দিন বাংলাদেশে মাধ্যমিক স্তরের শিক্ষার মানে অবনমন ঘটছে। ইনডেক্সের ২০১৭ সালের তথ্য অনুযায়ী ওই সময়ে বাংলাদেশের একজন শিক্ষার্থী ১০ বছর ২ মাস শিক্ষাজীবন শেষে যে দক্ষতা অর্জন করত, তা ছিল আন্তর্জাতিক মানে ৬ বছর ৫ মাস বা সপ্তম শ্রেণীর দক্ষতার সমান। শিক্ষাসংশ্লিষ্টরা বলছেন, বর্তমানে বাংলাদেশের মাধ্যমিক স্তরের শিক্ষার মানের আরো অবনমন ঘটেছে।

ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক একেএম ইলিয়াস বলেন, '২০২০ সালের ফলাফলের সঙ্গে বর্তমান অবস্থার বড় ধরনের পার্থক্য নেই বরং অটোপাস, সিলেবাস সংক্ষিপ্তকরণের মতো সিদ্ধান্তের কারণে শিক্ষার মানের আরো অবনমন ঘটেছে। মূলত আমাদের দেশে বিগত দেড় দশকে শিক্ষাকে সহজীকরণের মাধ্যমে প্রাথমিক পর্যায় থেকেই শিক্ষার গুরুত্ব কমিয়ে ফেলা হয়েছে। শিক্ষার্থীরা সঠিক দক্ষতা অর্জন না করেই পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ হতে পেরেছে আর এ কারণেই শিক্ষার্থীরা আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে তাল মেলাতে পারছে না।

করোনাভাইরাসের প্রাদুর্ভাবের জেরে ২০২০ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অটোপাস দিয়েছিল তৎকালীন সরকার। আর ২০২১ থেকে ২০২৪ সাল পর্যন্ত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে সংক্ষিপ্ত সিলেবাসে। সর্বশেষ শিক্ষার্থীদের দাবির মুখে জুলাই আন্দোলনের পরিপ্রেক্ষিতে এইচএসসিতে যেসব বিষয়ে পরীক্ষা স্থগিত হয়েছিল সেগুলোয় অটোপাস দিয়েছে অন্তর্বর্তী সরকার। চলতি বছরের এইচএসসি পরীক্ষাও অনুষ্ঠিত হচ্ছে পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী।

প্রায় চার বছর পর চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষা পূর্ণ সিলেবাসে অনুষ্ঠিত হয়েছে। এ পরীক্ষার ফলাফলে পাসের হার ছিল গত ১৬ বছরের মধ্যে সর্বনিম্ন।

এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় পাস করেছে ৬৮ দশমিক ৪৫ শতাংশ শিক্ষার্থী। এছাড়া ফল বিশ্লেষণ করে দেখা গেছে, যেসব শিক্ষার্থী পাস করেছে তাদের মধ্যে প্রায় ১৭ শতাংশ গড়ে ৪০ শতাংশেরও কম নম্বর পেয়ে কোনোমতে পাস করেছে। অর্থাৎ প্রায় ৮৬ শতাংশ শিক্ষার্থী কোনো প্রতিযোগিতামূলক নম্বর পায়নি।

ফল-পরবর্তী প্রতিক্রিয়ায় শিক্ষা উপদেষ্টা বলেন, গত ১৬ বছরে যে সরকার ছিল, তাদের আমলে সরকারের সাফল্য দেখানোর জন্য ছাত্র-ছাত্রীদের নম্বর বাড়িয়ে দিয়ে জিপিএ ৫-এর সংখ্যা ফুলিয়া-ফাঁপিয়ে ফল প্রকাশ করা হতো।

শিক্ষার মানের ঘাটতির বিষয়টি উঠে এসেছে দেশীয় প্রতিবেদনেও। শিক্ষার্থীদের অর্জিত দক্ষতার স্তর নির্ণয়ে তৃতীয় ও পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের বাংলা ও গাণিতিক দক্ষতার ওপর নির্ভর করে দুই বছর পরপর জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন প্রতিবেদন তৈরি করা হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এ প্রতিবেদন তৈরি করে। সর্বশেষ ২০২২ সালে এ প্রতিবেদন তৈরি হয়েছে। ওই প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০২২ সালে তৃতীয় শ্রেণীর শিক্ষার্থীদের মধ্যে ৫১ শতাংশ বাংলায় ও ৩৯ শতাংশ গণিতে শ্রেণী বিবেচনায় কাঙ্ক্ষিত মাত্রায় দক্ষতা অর্জন করেছে। পঞ্চম শ্রেণীর ক্ষেত্রে বাংলায় এ হার ৫০ ও গণিতে ৩০ শতাংশ।

২০১১ সালের প্রতিবেদনের তথ্যমতে, সেবার তৃতীয় শ্রেণীর শিক্ষার্থীদের মধ্যে ৬৭ শতাংশ বাংলায় ও ৫০ শতাংশ গণিতে শ্রেণী অনুযায়ী কাঙ্ক্ষিত মাত্রায় দক্ষতা অর্জন করেছিল। আর পঞ্চম শ্রেণীর ক্ষেত্রে বাংলায় এ হার ছিল ২৫ আর গণিতে ৩৩ শতাংশ। সে অনুযায়ী প্রায় এক যুগে তৃতীয় শ্রেণীতে বাংলায় কাঙ্ক্ষিত দক্ষতা অর্জনকারী শিক্ষার্থী কমেছে ১৬ শতাংশ। গণিতের ক্ষেত্রে ১১ শতাংশ। পঞ্চম শ্রেণীর ক্ষেত্রে বাংলায় পারফরম্যান্সে উন্নতি হলেও গণিতে অবনতি হয়েছে ৩ শতাংশ। অর্থাৎ পঞ্চম শ্রেণীতে বাংলায় প্রায় ৫০ শতাংশ এবং গণিতে ৭০ শতাংশ শিক্ষার্থীর কাঙ্ক্ষিত দক্ষতা নেই।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. আব্দুস সালাম বলেন, 'বিগত দেড় দশকে দেশে শিক্ষা খাতে যেসব উদ্যোগ নেয়া হয়েছে, তার প্রায় সবই ছিল রাজনৈতিক। শিক্ষার মানের উন্নয়নের জন্য দরকার শিখন-শেখানোর গুণগত মানের উন্নয়ন। অথচ আমাদের দেশে জোর দেয়া হয়েছিল অবকাঠামোগত উন্নয়নে। শিক্ষার্থীরা ক্লাসে কতটা শিখছে, সে বিষয়ে জোর দেয়া হয়নি। এমনকি মাঠ পর্যায়ে আমাদের শিক্ষার্থীরা কতটা শিখছে বা দক্ষতা অর্জন করছে সে বিষয়ে মনিটরিং নেই। এছাড়া করোনাকালে দীর্ঘ বিরতি এবং পরবর্তী সময়ে অটোপাস, সিলেবাস সংক্ষিপ্তকরণের মতো বিষয়গুলো গত পাঁচ বছরে শিক্ষার মানের আরো বড় ধরনের অবনমন ঘটিয়েছে।'

এর আগে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের দক্ষতার মূল্যায়নে 'ন্যাশনাল স্টুডেন্টস অ্যাসেসমেন্ট রিপোর্ট অব সেকেন্ডারি স্টুডেন্টস' প্রকাশ করা হয় সর্বশেষ ২০১৯ সালে। এ প্রতিবেদনে শিক্ষার্থীদের পারফরম্যান্সকে পাঁচটি স্তরে ভাগ করা হয়। এর মধ্যে সর্বনিম্ন স্তর ব্যান্ড ২ এবং সর্বোচ্চ স্তর ব্যান্ড ৬। প্রতিবেদনে দেখা যায়, ষষ্ঠ শ্রেণীর মাত্র ৯ দশমিক ৩ শতাংশ শিক্ষার্থী, অষ্টম শ্রেণীর ২৬ দশমিক ৪ শতাংশ ও দশম শ্রেণীর ৪০ দশমিক ৪ শতাংশ শিক্ষার্থী ইংরেজিতে ব্যান্ড ৬ পর্যায়ের দক্ষতা অর্জন করেছে। গণিতের ক্ষেত্রে ষষ্ঠ শ্রেণীর মাত্র ৫ দশমিক ১ শতাংশ শিক্ষার্থী, অষ্টম শ্রেণীর ১৪ দশমিক ৫ শতাংশ ও দশম শ্রেণীর ২৮ দশমিক ৪ শতাংশ শিক্ষার্থী ব্যান্ড ৬ পর্যায়ের দক্ষতা অর্জন করেছে। তবে এ প্রতিবেদনে শিক্ষার্থীরা বাংলায় তুলনামূলক ভালো ফল করে। ষষ্ঠ শ্রেণীর ২৫ দশমিক ৮ শতাংশ শিক্ষার্থী, অষ্টম শ্রেণীর ৪৭ দশমিক ৭ শতাংশ ও দশম শ্রেণীর ৬৪ দশমিক ৩ শতাংশ শিক্ষার্থী ইংরেজিতে ব্যান্ড ৬ পর্যায়ের দক্ষতা অর্জন করেছে।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী বলেন, 'বিশ্বব্যাংকের প্রতিবেদনে যে চিত্র উঠে এসেছে, শিক্ষার মান সেখান থেকে ভালো হয়নি, বরং করোনা পরবর্তী সময়ে আরো অবনমন ঘটেছে। শিক্ষার মানের এ চিত্র সরকারি-বেসরকারি গবেষণা প্রতিবেদনেও বিভিন্ন সময়ে উঠে এসেছে। কিন্তু এসব প্রতিবেদন বিবেচনায় নিয়ে শিক্ষার মান উন্নয়নে কার্যকর পদক্ষেপ নেয়া হয়নি। অবকাঠামো নির্মাণ, ক্লাসরুম ডিজিটালাইজ করার মতো বিষয়ে গুরুত্ব দেয়া হলেও শিখন-শেখানোর গুণগত মানের উন্নয়নে তা দেয়া হয়নি। শিক্ষকদের প্রশিক্ষণের নামে অর্থ আত্মসাৎ হয়েছে। এসব কারণে আন্তর্জাতিক মানের তুলনায় আমরা ক্রমেই পিছিয়ে পড়েছি।'

তিনি আরো বলেন, 'এ সরকারের মাধ্যমে আমরা শিক্ষা খাতে ইতিবাচক পরিবর্তন আশা করেছিলাম কিন্তু সরকারের কর্মকাণ্ডে সে রকম কিছু দেখা যাচ্ছে না। শিক্ষা সংস্কারের জন্য কোনো কমিশন হয়নি, শিক্ষার মূল সংকটগুলো নিরসনে তেমন কোনো উল্লেখযোগ্য উদ্যোগ নেয়া হয়নি। বরং বৃত্তি পরীক্ষার মতো কিছু উদ্যোগ নেয়া হয়েছে, যা বৈষম্য আরো বাড়াবে। আমাদের লক্ষ্য হওয়া উচিত পঞ্চম শ্রেণী শেষে যাতে সব শিক্ষার্থী শ্রেণী অনুযায়ী উপযুক্ত দক্ষতা অর্জন করে ষষ্ঠ শ্রেণীতে উত্তীর্ণ হতে পারে। বৃত্তি পরীক্ষার মতো পদ্ধতিতে কেবল নির্দিষ্টসংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। তাই এর মাধ্যমে সে লক্ষ্য অর্জন সম্ভব নয়। বরং এ অর্থ যদি আমাদের নিম্নবিত্ত বা নিম্ন মধ্যবিত্ত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য ব্যয় করা হতো তবে সেটি ইতিবাচক হতো। কারণ যেসব শিক্ষার্থী পিছিয়ে আছে তারা কিন্তু মূলত নিম্নবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের। উচ্চবিত্তরা ঠিকই তাদের সন্তানদের ব্যয়বহুল বিদ্যালয়ে পড়িয়ে বা গৃহশিক্ষকের মাধ্যমে দক্ষতা নিশ্চিত করছে। তাই সার্বিকভাবে আমরা যদি শিক্ষার মান বাড়াতে চাই তাহলে শিক্ষার্থীসহ শিক্ষার অংশীজনদের সবার প্রতি বিনিয়োগ করতে হবে। এবং গবেষণা প্রতিবেদনের ফলাফল ও সুপারিশ বিবেচনায় নিয়ে শিখন-শেখানোর মান বৃদ্ধিতে কার্যকর উদ্যোগ নিতে হবে।'

শিক্ষার মান বিষয়ে জানতে চাইলে অন্তর্বর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার বলেন, 'বিভিন্ন কারণে আমাদের শিক্ষার মান একটি বিপর্যয়ের মধ্যে আছে এবং এর কারণগুলোও মোটামুটি সকলেরই জানা। আন্তর্জাতিকভাবে আমাদের অবস্থান কোথায় সে বিষয়ে সুস্পষ্ট ধারনার জন্য কোনো মানদণ্ডের সাথে আমরা এখনও সংযুক্ত নই। যেহেতু আমরা মনে করি এ বিষয়টি জানা দরকার, তাই ইতোমধ্যে এ বিষয়ে আমাদের নীতিগত সিদ্ধান্ত হয়েছে, যেটি আমরা কার্যকর করব। আন্তর্জাতিক এমন বেশ কিছু পদ্ধতি রয়েছে যার মাধ্যমে আমরা আমাদের অবস্থান জানতে পারব। এর মধ্যে একটি হল টিমস (ঞওগঝঝ) স্ট্যান্ডার্ড। তাদের সঙ্গে আমাদের কথাবার্তা হয়েছে এবং এ বছর সেপ্টেম্বর থেকেই আমরা তাদের সঙ্গে যুক্ত হব। তারা আমাদের চতুর্থ ও অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের মূল্যায়ন করে জানাবে আন্তর্জাতিক র‍্যাংকিংয়ে আমাদের অবস্থান কোথায়। এর আগে জাতীয় পর্যায়ে এ ধরনের বিভিন্ন মূল্যায়ন করা হয়েছে। তবে এগুলোর সঙ্গে সরকারি প্রতিষ্ঠানগুলোই সংশ্লিষ্ট ছিল। তাই এসব ফলাফলের ওপর খুব একটা ভরসা করার চেয়ে যদি এমন একটি আন্তর্জাতিক মানদণ্ডে আমরা শিক্ষার্থীদের মূল্যায়ন করি, সেটি আরো ভরসাযোগ্য হবে। এছাড়া এটির আরো একটি সুবিধা হলো তারা মূল্যায়ন প্রতিবেদনের পাশাপাশি সুপারিশও প্রদান করে যে কোন বিষয়গুলো ঠিক করতে হবে। আমরা প্রথমবারের মতো তাদের সঙ্গে যুক্ত হচ্ছি এবং ২০২৭ সাল নাগাদ এর ফলাফল পাওয়া যাবে। আশা করছি এ বিষয়টি শিক্ষার মান উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে।'



জুলাই জাতীয় সনদ

বাস্তবায়নের পথ অস্পষ্ট

বাংলা পত্রিকা ডেস্ক: রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপের মাধ্যমে জুলাই জাতীয় সনদ তৈরির প্রক্রিয়া চলছে। এ প্রক্রিয়া চলমান থাকা অবস্থাতেই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের সম্ভাব্য সময়সীমা ঘোষণা করেছে অন্তর্বর্তী সরকার। আগামী ফেব্রুয়ারির প্রথ মার্ধে এ নির্বাচন অনুষ্ঠানের জন্য ডিসেম্বরের শুরুতে তফসিল ঘোষণা হতে পারে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। কিন্তু জুলাই জাতীয় সনদ তৈরির প্রক্রিয়ায় আয়োজিত সংলাপে অংশগ্রহণকারী বেশির ভাগ রাজনৈতিক দল চায় সরকার যত শিগগির সম্ভব জুলাই সনদ বাস্তবায়ন করুক। এই সনদের ভিত্তিতেই আগামী নির্বাচন হোক। কিন্তু সনদ কীভাবে বাস্তবায়ন করা যেতে পারে, তা এখনো সরকার ও জাতীয় ঐকমত্য কমিশনের কাছে স্পষ্ট নয়।

অন্যদিকে, জুলাই সনদ থেকে কী বা কতটুকু আগামী জাতীয় নির্বাচনের প্রস্তুতির ক্ষেত্রে সমন্বিত করতে হবে, তা-ও নির্বাচন কমিশনের কাছে স্পষ্ট নয়।

সরকার ও ঐকমত্য কমিশনের ভেতরকার তথ্য অনুযায়ী, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস মনে করেন ঐকমত্য কমিশন জুলাই সনদ শুধু তৈরি করে দিলেই চলবে না, এই সনদ কীভাবে বাস্তবায়ন করা যেতে পারেড়সে বিষয়েও সুপারিশ করার জন্য তিনি কমিশনকে নির্দেশনা দিয়েছেন।

ঐকমত্য কমিশন তাহলে কোন পথে এগোচ্ছে, জানতে চাইলে কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ জানান, সনদের সমন্বিত পূর্ণাঙ্গ খসড়া আগামী দুদিনের মধ্যে রাজনৈতিক দলগুলোর কাছে পাঠানো হবে। সনদটি চূড়ান্ত হওয়ার পর তা বাস্তবায়নের প্রক্রিয়া নিয়ে কমিশন বিশেষজ্ঞদের মত নেবে, দলগুলোর সঙ্গেও কথা বলবে।

জাতীয় সংসদের এলডি হলে গত শুক্রবার আয়োজিত সংবাদ সম্মেলনে আলী রীয়াজ এসব কথা জানান। তিনি বলেন, 'এখন বাস্তবায়ন প্রক্রিয়ার বিষয়ে বিশেষজ্ঞ এবং রাজনৈতিক দলগুলোর দিকে তাকিয়ে আছি। তারা কীভাবে বলে, আমরা হয়তো সেভাবে পরামর্শ দিতে পারব।'

কমিশনের সহসভাপতি জানান, কোনো কোনো দল সনদের ভিত্তিতে নির্বাচনের কথা বলছে। কিন্তু নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশন যুক্ত নয়। কমিশনের দায়িত্ব হচ্ছে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠা করা। যে যে বিষয়ে দলগুলো ও অংশীজনেরা একমত হচ্ছে, সেগুলোর সমন্বয়ে সনদ তৈরি করে তা বাস্তবায়নের প্রক্রিয়া কী হবে, সে বিষয়ে কমিশন সুপারিশ সরকারের কাছে পেশ করবে। আলাপ-আলোচনার ভিত্তিতে সরকার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

জুলাই সনদের পটভূমি তুলে ধরে এতে অন্তর্ভুক্ত করার জন্য কয়েকটি অঙ্গীকারের বিষয়ে লিখিতভাবে রাজনৈতিক দলগুলোর কাছে গত ২৮ জুলাই পাঠানো হয়। এসব অঙ্গীকার নিয়ে অধিকাংশ দলের আপত্তি রয়েছে।

তবে আলী রীয়াজ বলেন, অঙ্গীকারের অংশটি কমিশনের সুনির্দিষ্ট প্রস্তাব নয়। দলগুলোর মন্তব্যের ভিত্তিতে এই অংশে আরও বিষয় যুক্ত হবে, সংশোধিত হবে। এ নিয়ে ঐকমত্য হলে জুলাই সনদ স্বাক্ষরের দিনক্ষণ ঠিক করা হবে; অন্যমত পেলেও বিবেচনা করা হবে।

জুলাই সনদ নিয়ে এখন পর্যন্ত আলোচনা হয়েছে দুটি ধাপে। দ্বিতীয় ধাপে ২০টি বিষয় আলোচনায় আসে। এর ১১টিতে দলগুলো একমত হয়েছে, নয়টিতে দলগুলোর লিখিত ভিন্নমত (নোট অব ডিসেন্ট) আছে। সংসদে মহিলা প্রতিনিধিত্ব নিয়ে দলগুলোর সবচেয়ে বেশি ভিন্নমত পড়েছে বলে জানায় কমিশন।

এ বিষয়ে আলী রীয়াজ বলেন, ব্যাপকসংখ্যক দল নোট অব ডিসেন্ট দিলে তার গুরুত্ব আছে। এ বিষয়ে কমিশন বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলবে। আইনি ও সাংবিধানিক বিষয়গুলো সেখানে আলোচনায় আসবে।

তৃতীয় ধাপের আলোচনাটা কমিশন স্বল্পতম সময়ে করতে চায় বলে জানিয়েছেন আলী রীয়াজ। তিনি বলেছেন, বিশেষজ্ঞদের মতামত ও রাজনৈতিক দলগুলোর অবস্থানের ক্ষেত্রে এক জায়গায় আসা যায় কি না, সে চেষ্টা কমিশন করবে। সেটা খুব দীর্ঘমেয়াদি হবে না।

আগামী নির্বাচনের আগে জুলাই সনদ বাস্তবায়ন শুরু করা সম্ভব কি না, এমন প্রশ্নে আলী রীয়াজ বলেন, 'নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের কিছু প্রস্তাব আশু, কিছু প্রস্তাব দীর্ঘমেয়াদি। এর কিছু বাস্তবায়ন হচ্ছে।... আশা করি, ইতিমধ্যে সংস্কার পদক্ষেপ নেওয়া দরকার, (এমন বিষয়ে) ইসির পক্ষ থেকে (ব্যবস্থা) নেওয়া হচ্ছে; এবং আরও পদক্ষেপ নেবে।'

ভোটের প্রস্তুতির সঙ্গে জুলাই সনদ সমন্বয় করা প্রসঙ্গে জানতে চাইলে নির্বাচন কমিশনের (ইসি) জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ আজকের পত্রিকাকে বলেন, রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণবিধিমালা তৈরির কাজ নির্বাচন কমিশনের দিক থেকে এগিয়ে রাখা হয়েছে। এটি চূড়ান্ত করে পাঠাতে গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধন পর্যন্ত অপেক্ষা করতে হবে। ঐকমত্য কমিশনের মতামত না পেলে বলা যাচ্ছে না, সেখানে (সনদে) কী আছে। এমনও হতে পারে, তাতে যেসব সুপারিশ থাকবে, তা নির্বাচন কমিশন ইতিমধ্যে আরপিওতে যুক্ত করেছে।

এদিকে ঐকমত্য কমিশনের মেয়াদ শেষ হচ্ছে চলতি মাসের মাঝামাঝি। কমিশনের সহসভাপতি মনে করেন, এর মধ্যে সনদের কাজ সম্পন্ন করার ক্ষেত্রে কতটুকু অগ্রসর হওয়া যাবে, তা অনেকটা দল ও বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনার ওপর নির্ভর করবে।

কমিশনের মেয়াদ বৃদ্ধির সম্ভাবনার বিষয়ে আলী রীয়াজ জানান, কাজের অগ্রগতি কমিশনের সভাপতি প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসকে অবহিত করা হচ্ছে। প্রয়োজন হলে তিনি সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

সংবাদ সম্মেলনে ঐকমত্য কমিশনের সদস্য ড. বদিউল আলম মজুমদার, ড. ইফতেখারুজ্জামান, সফর রাজ হোসেন, বিচারপতি মো. এমদাদুল হক, মো. আইয়ুব মিয়া ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) মনির হায়দার উপস্থিত ছিলেন।

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

এর নাম গণমাধ্যমের স্বাধীনতা

বৃহস্পতিবার গাজীপুরে পরপর দুই সাংবাদিকের ওপর হামলার ঘটনা ঘটেছে। আসাদুজ্জামান তুহিনকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা এবং আনোয়ার হোসেনকে নির্দয়ভাবে পা থেঁতলে দেওয়ার ঘটনা আমাদের সামনে স্পষ্ট করে দিয়েছে যে, সাংবাদিকদের কাজ ও জীবনের নিরাপত্তা আজ চরম ঝুঁকির মুখে। গণতন্ত্র, আইনের শাসন এবং মতপ্রকাশের স্বাধীনতার জন্য সাংবাদিকেরা যাঁরা মাঠে কাজ করেন, তাঁদের জীবন আজ অপরাধী চক্রের হাতে অবলীলায় বিপন্ন হয়ে পড়ছে। সবচেয়ে উদ্বেগজনক হলো হামলার সময় অনেক ক্ষেত্রে উপস্থিত মানুষের নীরবতা, এমনকি পুলিশ সদস্যদের প্রাথমিক নিষ্ক্রিয়তা। এই নীরবতা শুধু ভয়ের নয়, বরং অপরাধীদের জন্য এক অঘোষিত প্রশ্রয়ের পরিবেশ তৈরি করে দেয়।

আসাদুজ্জামান তুহিন বিকেলে চাঁদাবাজি নিয়ে ফেসবুক লাইভ করেন-এরপর রাতেই তাঁকে কুপিয়ে হত্যা করা হয়। এটা নিছক একটি ব্যক্তিগত দ্বন্দ্ব বা দুর্ঘটনা নয়; বরং সাংবাদিকতার কাজের সরাসরি প্রতিশোধ। একইভাবে আনোয়ার হোসেনের ওপর পরিকল্পিত হামলা, ভিডিও ধারণ এবং তা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার মধ্য দিয়ে হামলাকারীরা যেন প্রকাশ্যে চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে-তাদের ধরা সম্ভব নয়, কিংবা ধরা হবে না। আইনের শাসনের প্রতি এই অবজ্ঞা কোনো সভ্য সমাজে গ্রহণযোগ্য নয়।

টিআইবির সাম্প্রতিক এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, গত এক বছরে ৪৯৬ জন সাংবাদিক হয়রানির শিকার হয়েছেন, ২৬৬ জনকে হত্যা মামলার আসামি করা হয়েছে এবং তিনজন নিহত হয়েছেন। এটি কেবল সংখ্যা নয়, বরং স্বাধীন সাংবাদিকতার ওপর এক ধারাবাহিক দমন-পীড়নের প্রতিচ্ছবি। গণতান্ত্রিক সমাজে সংবাদপত্রের ভূমিকা হলো ক্ষমতাকে জবাবদিহির মধ্যে আনা; অথচ আমাদের দেশে ক্ষমতার বিভিন্ন স্তর থেকে সাংবাদিকদের ওপর আইনি ও শারীরিক আক্রমণ ক্রমেই বেড়ে চলেছে। এই প্রেক্ষাপটে নোয়াবের (নিউজপেপার্স ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ) সাম্প্রতিক উদ্বেগও অত্যন্ত প্রাসঙ্গিক। নোয়াব সঠিকভাবেই বলেছে-সংবাদ বা কনটেন্ট-সংক্রান্ত কোনো বিরোধ আইনি প্রক্রিয়ায় মীমাংসা হওয়া উচিত। কিন্তু আমরা দেখছি, বিভিন্ন জায়গায় 'মব' তৈরি করে সম্পাদক বা মালিকপক্ষকে হুমকি দেওয়া, পত্রিকার কার্যালয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করা এখন এক বিপজ্জনক প্রবণতায় পরিণত হয়েছে।

এ পরিস্থিতি থেকে উত্তরণের জন্য প্রথম শর্ত-সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে রাষ্ট্রকে দৃঢ় পদক্ষেপ নিতে হবে। হত্যাকাণ্ড ও হামলার প্রতিটি ঘটনায় দ্রুত ও নিরপেক্ষ তদন্ত, অপরাধীদের গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। পুলিশ বাহিনীকে দায়িত্ব পালনে আরও জবাবদিহিমূলক ও সংবেদনশীল হতে হবে, যাতে হামলার সময় তারা দর্শকের ভূমিকায় না থাকে। দ্বিতীয়ত, গণমাধ্যমের স্বাধীনতা রক্ষায় রাজনৈতিক ও অর্থনৈতিক চাপমুক্ত পরিবেশ তৈরি করতে হবে। 'মব কালচার' বন্ধে কঠোর আইন প্রয়োগ এবং সাংবাদিকদের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা রোধের জন্য আইনি সংস্কার প্রয়োজন।

সাংবাদিকেরা জনস্বার্থে কাজ করেন, তাঁদের ওপর আক্রমণ মানে গণতন্ত্র ও নাগরিক অধিকারের ওপর আক্রমণ। আমরা যদি চুপচাপ দাঁড়িয়ে দেখি, তাহলে একদিন এই নীরবতার খেসারত গোটা সমাজকেই দিতে হবে।



রাজনীতিতে জুলাইয়ের ছাপ কোথায়



আলতাফ পারভেজ

আন্দোলনের শক্তিগুলো ক্রমে আবারও পুরোনো ধাঁচের স্বতন্ত্র 'রাজনৈতিক দল' হয়ে গেছে এবং আসন্ন নির্বাচন কেবল পুরোনো 'রাজনৈতিক দলগুলোর জয়-পরাজয়'-এর ব্যাপার হয়ে উঠতে পারে। অথচ এটা হওয়া দরকার ছিল অভ্যুত্থান-উত্তর 'দ্বিতীয় রিপাবলিক' গঠনের নির্বাচন

ছাত্র-শ্রমিক-জনতার অভ্যুত্থান এক বছর অতিক্রম করেছে। অন্তর্বর্তী সরকারও ১২ মাস পার করল। এরই মধ্যে শুরু হয়েছে নির্বাচন এবং আরেকটি সরকার পাওয়ার আয়োজন। কিন্তু গত এক বছরে বাংলাদেশের অর্জন কী- এ প্রশ্নের উত্তর পাওয়া জরুরি। বিশেষ করে আমাদের রাজনীতিতে, রাজনৈতিক দলগুলোর লক্ষ্য-উদ্দেশ্য-কাজে গণঅভ্যুত্থানের কতটা ছাপ পড়ল? ছাত্র-শ্রমিক-জনতার আকাঙ্ক্ষায় কতটা শামিল হতে পারছেন রাজনীতিবিদরা? গণঅভ্যুত্থানের সরকার রাজনৈতিক দলগুলোকে পরিবর্তনের রাস্তায় কতটা টেনে আনতে ও জড়ো করে রাখতে পারল?

নির্বাচনোত্তর ভবিষ্যতের জন্য এই প্রশ্নগুলো নিয়ে এখনই ভাবনা ও পুনর্ভাবনা দরকার। চব্বিশের '৩৬ জুলাই' কেবল আকণ্ঠ দুর্নীতিগ্রস্ত একটা সরকার উৎখাত করতে চায়নি- গত পাঁচ দশক ধরে দুর্নীতিগ্রস্ত রাজনৈতিক ব্যবস্থারও অপসারণ চেয়েছিল। ব্যাপক চ্যালেঞ্জিং সেই দায়িত্ব নিতে এই সময়ের রাজনীতিবিদরা কি আদৌ প্রস্তুত? তার জন্য যে আত্মজিজ্ঞাসা এবং অভ্যাস ও আচরণের যে আমূল সংশোধন দরকার, সেটি কি ঘটছে? কোথায় সেসব লক্ষণ?

কেন আসন্ন নির্বাচন একটা সাধারণ নির্বাচন নয়

নির্বাচনের মূল চরিত্র অবশ্যই প্রাপ্তবয়স্ক জনতা। নির্বাচন যত অন্তর্ভুক্তিমূলক হবে তত ছাত্র-শ্রমিক-জনতা নায়ক হয়ে উঠবে। ১৯৫৪, ১৯৭০, ১৯৯১ ও ১৯৯৬-এ কমবেশি সে রকম ঘটেছিল এই দেশে। এবারও সে রকম নির্বাচন চাইছে মানুষ।

যে দেশে প্রায় দেড় দশক কোনো সুষ্ঠু নির্বাচন হয় না, সেখানে চুয়ান্ন ও সত্তরের মতো একটা নির্বাচনই বড় এক রাজনৈতিক সংস্কার। তাই আসন্ন নির্বাচন বাংলাদেশের কাছে যে কোনো ভোট উৎসবের চেয়েও বেশি কিছু। বিগত ঐতিহ্যের সেরা চারটি নির্বাচনের চেয়েও আগামী ফেব্রুয়ারির আগে-পরে বাংলাদেশ আরও বেশি কিছু পেতে চায়। যে রাজনীতি এটি বুঝতে অক্ষম, সে কীভাবে বাংলাদেশকে পথ দেখাবে?

এখনকার অবস্থা ও আকাঙ্ক্ষাকে আমরা কিছুটা ১৯৭০-এর নির্বাচনকালের অবস্থার সঙ্গে তুলনা করতে পারি। সেই সময় মানুষ তার জাতিগত বঞ্চনার কাঠামোগত সমাধান চাইছিল। সেই চাওয়া এত প্রবল ছিল যে, তা শেষমেশ 'ছয় দফা'কেও অতিক্রম করে যায়। মানুষের রাজনৈতিক প্রত্যাশার তীব্রতা সে সময় ছয় দফার প্রতিপক্ষ যেমন বুঝতে পারেনি, তেমনি পক্ষের শক্তিরও পর্যাপ্ত প্রস্তুতি ছিল না তাকে ধারণ করার। এখনকার বাংলাদেশও ভিন্নভাবে প্রায় কাছাকাছি একটা মুহূর্ত পার করছে।

গণঅভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপনকালে অনেকের মাঝে স্মৃতিচারণের মনোভাব দেখা যাচ্ছে। কিন্তু 'চব্বিশ'-এর ছাত্র-শ্রমিক-জনতার '৩৬ জুলাই'কে চলমান গণ্য করাই শ্রেয়। নির্বাচনের ভেতর দিয়েও সেই কাফেলা জীবন্ত এগোতে থাকবে। আগামী ফেব্রুয়ারি-মার্চে নতুন সরকার গঠিত হলেও 'চব্বিশ' থামবে না, যতদিন না রাজনীতিবিদরা নতুন ধরনের একটা '২৬ মার্চ'-এর জন্য প্রস্তুত হচ্ছেন। এই প্রস্তুতি হতে হবে সাংস্কৃতিক, সাংগঠনিক, আদর্শিক ও কর্মসূচিগত এবং সেটি হবে নিজেদের পরিবর্তন করার যুদ্ধ।

চব্বিশের আগে বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর যেসব গঠনতন্ত্র ও ঘোষণাপত্র ছিল এবং সেই আলোকে যে ধরনের চর্চা ছিল, '৩৬ জুলাই'য়ের পর তার আমূল বদল দরকার। ১৯৭১-এর ৯ মাস বাংলাদেশে প্রায় একই রকম একটা রাজনৈতিক চাহিদা তৈরি করে। কিন্তু ১৬ ডিসেম্বরের পরের বাংলাদেশের রাজনীতি সেই চাহিদার গভীরতা উপলব্ধিতে নিতে পারেনি। ১৯৭২-এর বাংলাদেশ বৈষম্য উৎপাদক অর্থনৈতিক ব্যবস্থা এবং কর্নওয়ালিসের সাজানো প্রশাসন দিয়ে আর শাসিত হতে চায়নি। তখনকার আওয়ামী লীগ, ন্যাপ, কমিউনিস্ট পার্টি, জাসদ সময়ের সেই চাহিদাকে পথ করে দিতে অসফল ছিল। মুজিব সরকার জনতার যৌথ ইচ্ছাকে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জাতীয় সরকার গড়তে ব্যর্থ হয়।

এবারও অন্তর্বর্তী সরকার জনতার যৌথ-সাধারণ-ইচ্ছার বাস্তবায়নে একটা সম্মিলিত পাটাতন হয়ে উঠতে পারল না। একটা দল ও তার সংগঠকদের প্রতি সচেতন কিংবা অবচেতন পক্ষপাত দেখাতে গিয়ে তারা আন্দোলনের অন্যান্য শক্তিকে আস্তে আস্তে দূরে সরিয়েছে। 'আন্দোলনের শক্তি'গুলো এভাবে ক্রমে ক্রমে আবারও পুরোনো ধাঁচের স্বতন্ত্র 'রাজনৈতিক দল' হয়ে গেছে এবং আসন্ন নির্বাচন সেই অর্থে কেবল পুরোনো 'রাজনৈতিক দলগুলোর জয়-পরাজয়'-

> 'আন্দোলনের শক্তি'গুলো এভাবে ক্রমে ক্রমে আবারও পুরোনো ধাঁচের স্বতন্ত্র 'রাজনৈতিক দল' হয়ে গেছে এবং আসন্ন নির্বাচন সেই অর্থে কেবল পুরোনো 'রাজনৈতিক দলগুলোর জয়-পরাজয়'-এর ব্যাপার হয়ে উঠতে পারে। অথচ এটি হওয়া দরকার ছিল অভ্যুত্থান-উত্তর 'দ্বিতীয় রিপাবলিক' গঠনের নির্বাচন...

এর ব্যাপার হয়ে উঠতে পারে। অথচ এটি হওয়া দরকার ছিল অভ্যুত্থান-উত্তর 'দ্বিতীয় রিপাবলিক' গঠনের নির্বাচন। যেভাবে '৭১-এর পরের 'বাংলাদেশ' আরেকটি পাকিস্তান বা ভারত হওয়ার কথা ছিল না। বরং তার মাঝে তখন সম্পূর্ণরূপে ঔপনিবেশিক আইনকানুন-সংস্কৃতি থেকে মুক্ত নতুন একটা জনপদ হওয়ার আকুতি ছিল। যে জনপদ দক্ষিণ এশিয়ার অন্যান্য নিপীড়িত জাতিকে 'মুক্তি'র পথ দেখানোর কথা ছিল। কিন্তু গত ৫৪ বছর যেন কর্নওয়ালিসই বাংলাদেশ শাসন করে গেলেন। ফেব্রুয়ারির নির্বাচনের পর কি নতুন আরেক দল কর্নওয়ালিস চাইছে বাংলাদেশ?

রাজনৈতিক দলগুলো যেভাবে আত্মঘাতী ফাঁদে

চব্বিশের গণযাত্রার এক বছর পর সে সময়কার হত্যাকাণ্ডগুলোর নানান কারিগরি প্রতিবেদন ও ডকুমেন্টারি জনসমক্ষে আসছে এখন। সেসব দেখলে-পড়লে চোখ জলে ভেসে যায়। খেয়াল করলে আমরা দেখব, শহীদদের তালিকায় কেন্দ্রীয় রাজনীতিবিদরা নেই। রাজনৈতিক দলগুলোর স্থানীয় নেতাও কম। তার মানে এই নয়, চব্বিশের গণযাত্রায় তাদের অবদান কম। বরং '৩৬ জুলাই'য়ের আগের দেড় দশক কিংবা তারও বহু আগে থেকে রাজনৈতিক কর্মীরা একটা নতুন বাংলাদেশের জন্য শ্রম-ঘাম-রক্ত দিয়ে চলেছেন। কিন্তু চব্বিশ মূলত অতি সাধারণ খেটে খাওয়া গরিবদের রক্তস্নান। সে জন্যই গরিব ছাত্র-শ্রমিকের যাত্রাবাড়ী ছিল চব্বিশের লেনিনগ্রাদ। কিন্তু গত ১২ মাসে শ্রমজীবীদের সঙ্গে রাজনৈতিক দলগুলো একাত্ম হলো কতটা? সরকার একটা শ্রম কমিশন করলেও তার সুপারিশগুলো ঐকমত্য কমিশনের আলোচনার টেবিলে আনেনি। রাজনৈতিক দলগুলো সেসব বিষয়ে তাগাদা দিয়েছে, এমন কিছু দেখা যায়নি। কোনো রাজনৈতিক দল তাদের কেন্দ্রীয় নেতৃত্বে নতুন করে শ্রমজীবী সমাজের প্রতিনিধি বাড়াল কি? যাত্রাবাড়ী, গাজীপুর, সাভার, আশুলিয়ার শ্রমজীবীদের সঙ্গে রাজনৈতিক দলগুলো রাষ্ট্র প্রশ্নে সংলাপে বসল কি? নাকি সেসব এলাকার পুরোনো এলিট নেতাদেরই মনোনয়ন দিয়ে জনপ্রতিনিধি বানিয়ে আনা হবে?

নারীদের সরাসরি নির্বাচন এবং স্থানীয় সরকার ব্যবস্থার বিকেন্দ্রীকরণ বিষয়েও রাজনৈতিক দলগুলো অভ্যুত্থানের চাওয়ার আলোকে কোনো অগ্রসর অবস্থান নিতে পারেনি। সরকারকে চাপে ফেলতে পারেনি। জনতাকে নতুন করে সংগঠিত করে জাতীয় ঐকমত্য কমিশনের আলোচনার টেবিলে এসব বিষয়ের জোরালো দাবি প্রতিষ্ঠিত করেনি। সরকারও কেন্দ্রীয় সচিবালয়ের পুরোনো ধরনে মজা পেয়ে থাকবে হয়তো। সে কারণে মুয়ীদ চৌধুরীর নেতৃত্বে তৈরি প্রশাসনিক সংস্কার বা একই সময়ে তৈরি পুলিশ সংস্কার কমিশনের মৌলিক ধাঁচের প্রস্তাবগুলো স্রেফ আলোচনার পরিমণ্ডল থেকে আলাদা করে রাখা হলো।

শিক্ষা ও কৃষির মতো গুরুত্বপূর্ণ দুটি পরিসরে সংস্কার বলতে কিছুই হয়নি। হাইকোর্টের বিকেন্দ্রীকরণ এবং সংসদের স্থায়ী কমিটির কয়েকটিতে সভাপতির পদ বিরোধী দলকে দেওয়ার বাইরে জাতীয় ঐকমত্য কমিশনের দীর্ঘ সংলাপ পর্ব থেকে বড় কোনো অর্জন নেই। তারপরও রাজনৈতিক দলগুলোকে বেশ সন্তুষ্ট মনে হচ্ছে। কারণ তারা নির্বাচনের তারিখ পেয়েছে। লীগবিরোধী একটা 'জুলাই-ঘোষণা'ও পেয়েছে। অথচ লীগের রেখে যাওয়া রাষ্ট্রও পুরোদস্তুর আছে।

স্পষ্টই মনে হচ্ছে, সরকারের পাশাপাশি প্রধান প্রধান রাজনৈতিক দল মোটামুটি সব পুরোনো ব্যবস্থা রেখে দেওয়ার পক্ষে। অভ্যন্তরীণ ও বাহ্যিক সব পরিসর বড় দলগুলো সংস্কারহীন রেখে দিতে তৎপর। অধিকাংশ দল গত এক বছরে তাদের নেতৃত্ব কাঠামোতেও মোটা দাগে কোনো ধরনের পরিবর্তন ঘটায়নি।

ক্ষমতা কাঠামোর এ রকম 'স্থিতিশীলতা' আমলাতন্ত্রেরও ভারি পছন্দ। সামরিক-বেসামরিক আমলাতন্ত্রের সঙ্গে বড় বড় রাজনৈতিক দলের এই মৈত্রীর জায়গা '৩৬ জুলাই'য়ের পরের দিন থেকে একটু একটু করে আমাদের এমন এক বাস্তবতায় এনে দাঁড় করাল, যেখানে সংগত কারণেই এক বছর আগের উচ্ছ্বাস ও আশাবাদ আর নেই।

এর পাশাপাশি গত ১২ মাস ধরে সংখ্যালঘু অঞ্চলগুলোতে যে বিপুল অনাচার হলো, যেভাবে বেনামি মামলা এবং নানান কায়দায় মব-সহিংসতা হলো, তাকে সরকার বা প্রভাবশালী রাজনৈতিক দলগুলো কেউ শক্তভাবে রুখে দাঁড়ায়নি। তারা এসব থামাতে চেয়েছে বলেও মনে হয়নি।

আসন্ন ফেব্রুয়ারি-মার্চে এই দুই মিলিত শক্তির শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তর পর্ব দেখব আমরা। কিন্তু চব্বিশের শক্তিজোটে এই দুই পক্ষের বাইরের মানুষই বেশি ছিল। ছাত্র-শ্রমিক-জনতার সেই সংখ্যাগরিষ্ঠ নিশ্চয় ভোট দেবে, কিন্তু তারা নীরব প্রতিপক্ষ হিসেবে রাজনীতিবিদদের দিকে তীক্ষ্ণ নজরও রাখবে। সেই সূত্রে বলা যায়, সংস্কারহীন নির্বাচন রাজনীতিবিদদের জন্য একটা আত্মঘাতী ফাঁদ। যে ফাঁদ তারা নিজেরাই তৈরি করছেন। নিজেরাই সেখানে প্রবেশ করছেন।

সংস্কার প্রশ্নকে ভবিষ্যতের হাতে সঁপে দেওয়ার একটা 'জুলাই ঘোষণা' অনাগত দিনের বাংলাদেশে পরবর্তী গণঅসন্তোষ কতটা রুখতে সক্ষম হবে, সেটি এখনই বলা মুশকিল। সেই অধ্যায়ের সময়সূচি আমরা জানি না। আমরা এও জানি না, সদ্য প্রচারিত 'জুলাই ঘোষণা' তৈরিতে শ্রমিকরা, নারীরা, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কিংবা এ রকম অন্যান্য আন্দোলনের শক্তি কীভাবে অংশ নিয়েছেন। কীভাবে এতে আন্দোলনে অংশ নেওয়া সব পক্ষের মতামতের প্রতিফলন ঘটানো হলো?

আলতাফ পারভেজ: গবেষক ও রাজনৈতিক বিশ্লেষক

দিদারুল অনন্তকাল বেঁচে থাকবে

আহবাব চৌধুরী খোকন

গত সপ্তাহে হাজার হাজার মানুষের শ্রদ্ধা ও চোঁখের জলে আমাদের থেকে বিদায় নিয়েছে এক কীর্তিমান বাংলাদেশি ও ক্ষণজন্মা পুরুষ। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বলেছিলেন "এমন জীবন তুমি করিও গঠন, মরিলে হাসিবে তুমি কাঁদিবে ভূবন।" ঠিকই সে মৃত্যুর মধ্য দিয়ে পুরো নিউইয়র্কবাসীকে কাঁদিয়ে দিদারুল বীরের মতো বিদায় নিলো আমাদের নিকট থেকে। এমন মৃত্যু অপ্রত্যাশিত হলেও সচরাচর অনেকেরই ভাগ্যে জুটেনা। কারণ গত ৩১শে জুলাই ব্রঙ্কসের পার্কচেস্টারে অনুষ্ঠিত তাঁর জানাজায় অংশ নিয়েছেন ২০ হাজারের অধিক মানুষ। একটি মরদেহ ঘিরে এত মানুষের উপস্থিতি কমিউনিটি কখনো দেখেনি। কীর্তিমানদের মৃত্যু নেই বলে যে একটি কথা রয়েছে পুলিশ অফিসার দিদারুল ইসলামের ক্ষেত্রে সেটা প্রমাণিত হয়েছে। সর্বচ্চো রাষ্ট্রীয় মর্যাদায় শেষ বিদায় জানানো হয় তাঁকে। এই জাতীয় বীরের প্রস্থানকে কেন্দ্র করে ব্রঙ্কসের পার্কচেষ্টার মসজিদ ও আশে পাশের এলাকায় নেমে আসে শোকের ছায়া। যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে কেবল বিশ হাজার পুলিশ সদস্য ছাড়াও সিটি মেয়র গভর্ণর, প্রশাসনিক কর্মকর্তা, ও বহু ইলেকট্রেড অফিসিয়াল ছুটে আসে নিউইয়র্কের ব্রঙ্কসে তাঁকে শেষ বিদায় জানাতে।

উল্লেখ্য গত ২৮শে জুলাই সন্ধ্যায় ম্যানহাটনের মিডটাউনে পথভ্রষ্ট এক বন্দুকধারীর নৃশংসতম হামলায় প্রাণ হারায় পুলিশ অফিসার যুবক দিদারুল। এই দিন সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে একটি কালো বিএমডব্লিউ গাড়ি থেকে নেমে এক যুবক ভয়ঙ্কর অস্ত্র নিয়ে ম্যানহাটনের ৩৪৫ পার্ক এভিনিউর ৪৪ তলা ভবনে হামলা চালায়। এসময় ভবনের লবিতে পুলিশ অফিসার দিদার কর্তব্যরত ছিলেন। সে এই যুবককে নিবৃত করার চেষ্টা করলে সে কর্তব্যরত দিদারুল ইসলামকে গুলি করে। এর পর এখানে অবস্থানরত চারজন নারী ও পূরুষকে গুলি করে ভবনের ৩৩ তলায় উঠে পড়ে। সেখানে গিয়ে সে নিজেই বেছে নেয় আত্নহননের পথ।

এনওয়াইপিডি সূত্রে জানা যায় হামলাকারী এই ব্যক্তির নাম শেন তামুরা। বয়স ২৭। সে বুলেট প্রুফ ভেস্ট, একটি সাইলেন্সার ও আধুনিক এম ফোর রাইফেল দিয়ে হামলা করে ভবনটিতে। এই ভবনে ব্ল্যাকস্টোন, এনএফএলসহ কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্থার দপ্তর রয়েছে। হামলাকারী এই যুবক লাসভেগাসের বাসিন্দা। সে ছিল একজন ফুটবলার। কোন কারণে এনএফএল (ন্যাশনাল ফুটবল লীগ) থেকে বহিস্কৃত হলে সে এনএফএল বিরোধী হয়ে ওঠে এবং এই দিন লাসভেগাস থেকে ড্রাইভ করে সে নিউইয়র্কে এসেছে কেবল এনএফএল ভবনে হামলা চালাতে ও মানসিক বিকারগ্রস্থ এই লোক এনএফএল ভবনের সামনে এসে যাকে পেয়েছে তার ওপর গুলি চালিয়েছে।

নিহত বাংলাদেশি আমেরিকান দিদারুলের দেশের বাড়ী মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলায়। মৃত্যুকালে সে মা-বাবা, সন্তান সম্ভাবা স্ত্রী ও দুই ছোট ছেলে রেখে গেছে। গত চার বছর যাবৎ ব্রঙ্কসের ৪৭তম পুলিশ প্রিসিঙ্কটে কাজ করে আসছিলো সে। ঘটনার দিন প্রিসেন্টে কাজ করার কথা থাকলেও ডিপার্টমেন্ট থেকে অন্য একজনের কাজ করতে তাকে ম্যানহাটনে পাঠানো হয়। এমন এক সময় সে আততায়ীর গুলিতে প্রাণ হারালো যখন তার স্ত্রী আট মাসের সন্তান সম্ভাবা। নিহত জাতীয় বীর দিদারের নামাজে জানাজার পূর্বে উপস্থিত হাজার হাজার মানুষের উপস্থিতিতে বক্তব্য রেখেছেন নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হকুল, সিটটি মেয়র এরিক অ্যাডামস, পুলিশ কমিশনার জেসিকা টিশসহ বিভিন্ন প্রশাসনিক ও নির্বাচিত জনপ্রতিনিধিরা। তাঁদের প্রত্যেকের কণ্ঠেই ছিল দিদারের প্রতি গভীর কৃতজ্ঞতা ও শ্রদ্ধা। রাষ্ট্রীয় দায়িত্ব পালন কালে জীবন দানের মধ্য দিয়ে সে রেখে গেছে দেশপ্রেমের এক অনন্য নজির। জানাজা শেষে এনওয়াইপিডির পতাকা মোড়ানো তাঁর কফিন যখন মসজিদ থেকে বাইরে আনা হয় তখন হঠাৎ আকাশ ভেঙে অঝরে পড়তে শুরু করে বৃষ্টি।যেন তাঁর মা, বাবা, স্ত্রী ও আত্নীয় স্বজনের সাথে কেঁদে ওঠে প্রকৃতি। বিশ হাজার পুলিশের বহর, আত্মীয়স্বজন, সহকর্মী, সাধারণ মানুষ যোগ দান করেন তার শেষ যাত্রায়। দিদারুল আমাদের মধ্য থেকে হারিয়ে গেলেও সে পরিবার, দেশ ও পুরো কমিউনিটির অহংকার হয়ে থাকবে অনন্তকাল। তাঁর আত্মত্যাগ স্মরণীয় হয়ে থাকবে নিউইয়র্কের প্রতিটি মানুষের হৃদয়ে। দিদারুল ইসলাম মৃত্যুর মধ্যে দিয়ে বাংলাদেশি আমেরিকান কমিউনিটিকে অসীম উচ্চতায় নিয়ে গেছে। মৃত্যুর পর তাঁকে পুলিশের পক্ষ থেকে মরণোত্তর পদোন্নতিসহ দেওয়া হয়েছে অনেক সম্মাননা। এতে তাঁর দেশপ্রেম ,সততা ও বিশ্বস্থতা স্বীকৃতি পেয়েছে। সে অনন্তকাল বেঁচে থাকবে নিউইয়র্কের প্রতিটি বাংলাদেশি মানুষের ভালোবাসায়। তাঁর স্মৃতির প্রতি জানাই বিনম্র শ্রদ্ধা।

লেখক - কলামিষ্ট ও কমিউনিটি অ্যাকিটিভিষ্ট , নিউইয়র্ক।



মানুষ গড়ার কারিগর

মোহাঃ আজিজুর রহমান


শিক্ষক বা মানুষ গড়ার কারিগর শ্রদ্ধাভাজন মোঃ আব্দুর রহিম এখন আমেরিকার অধিবাসী। নিজ দেশ তথা বাংলাদেশে তিনি ছিলেন একজন আদর্শ শিক্ষক আদর্শ সমাজকর্মী। ছিলেন তিনি একজন একনিষ্ঠ দ্বীনের দা'ঈ।দীর্ঘদিনের চেনাজানা একজন দায়ী একজন শিক্ষক যে দ্বীন ধর্ম মানুষ বা সমাজ নিয়ে এতো গভীর ভাবে ভাবেন তা আগে জানা ছিলোনা বা জানার সুযোগও হয়নি।

সেদিন প্রিয় সাংবাদিক সমাজকর্মী ইকবাল মাহমুদ টেলিফোনে একটি প্রকাশনা অনুষ্ঠানের দাওয়াত দিলেন।নিউইয়র্কের এষ্টোরিয়ার টাইম টেলিভিশন এর হলরুমে ছিলো এই মহতী অনুষ্ঠান যথাসময়ে উপস্থিত হলাম। প্রবীণ সাংবাদিক, সমাজচিন্তক, টাইম টেলিভিশন এর সিইও প্রবাসী বাংলাদেশীদের প্রিয়জন জনাব আবু তাহের ছিলেন অনুষ্ঠানের সভাপতি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরণ্য ইউনিভার্সিটি অধ্যাপক, বিজ্ঞ ইসলামী চিন্তাবিদ, খ্যাতিমান সাংবাদিক সহ সমাজের সচেতন পুরুষ ও মহিলাগণ।

অনুষ্ঠানে উপস্থিত জ্ঞানী গুণীজনের সাথে আমিও লেখকের লেখা মুল্যবান বইগুলো নিয়ে আলোচনায় অংশ গ্রহণ করি।শিক্ষাবিদ মাষ্টার আব্দুর রহিম সাহেবের সুচিন্তিত সমাজ সহায়ক সৃষ্ট বইগুলো আলোচনায় সবার প্রশংসা অর্জনে সক্ষম হয়।

বিশেষ করে মুসলিম সমাজ ও পারিবারিক জীবনে বইগুলোর গুরুত্ব অপরিসীম বলে সবাই মতামত প্রদান করেন।

মাষ্টার আব্দুর রহিম আলোচনায় অংশ নিয়ে বলেন প্রবাসী জীবনে অবসর সময়ে নিজ ভাবনায় দেশে বিদেশে আমাদের সামাজিক অবক্ষয়ের চিত্র আমাকে এই বইগুলো লেখার আগ্রহ যোগায়। বিশেষ করে একজন দা'ঈ এবং একজন শিক্ষক হিসাবে এই নৈতিক অধঃপতনের যুগে আমার মধ্যে এই বইগুলো লেখার প্রেরণার উদ্ভব।প্রবাস জীবনে আমরা যারা পাশ্চাত্যের দেশগুলোতে বসবাস করছি আমাদের সন্তান সন্ততি পরিবার ও সমাজের অধঃপতন রোধে আমার এই বইগুলো সহায়ক হবে বলে বিশ্বাস।



আলোচনায় অংশ নিয়ে আমি উনার মূল্যবান লেখার প্রশংসা করি এবং দাওয়াত ও ব্যাক্তি গঠনে বইগুলো ভুমিকা রাখবে বলে সমাজে ব্যাপক প্রচারের আহ্বান জানাই।

সভায় উপস্থিত গুণীজনেরা আব্দুর রহিম সাহেবের লেখা ও চিন্তার প্রশংসা করেন এবং বইগুলোর ব্যাপক প্রচারের আহ্বান জানান।

উপস্থিত অতিথি ও আলোচক ইসলামী চিন্তাবিদ জনাব আবু উবায়দা আমেরিকান মুসলিম সমাজে বইগুলোর ব্যাপক প্রচারের উদ্যোগ নিবেন বলে আশ্বাস প্রদান করেন।

আমি আশাবাদী এই বইগুলো দেশে বিদেশে মুসলিম সমাজে বিশেষ করে আমাদের বর্তমান আবাস আমেরিকায় আমাদের সন্তান সন্ততি ও তরুণ এবং যুবক চরিত্রে ধর্মীয় মূল্যবোধের প্রভাব সৃষ্টিতে গভীর ভাবে ভূমিকা রাখবে।

সভাপতির বক্তব্যে জনাব আবু তাহের সমাজ ও পারিবারিক জিন্দেগীর কল্যাণে নিবেদিত বই গুলোর প্রচারে জোরালো ভূমিকা রাখার প্রত্যয় ব্যক্ত করেন। সাথে সাথে মাষ্টার আব্দুর রহিমের চিন্তার ভুয়সী প্রশংসা সহ সার্বিক সফলতা কামনা করেন।


আমরা আশাবাদী মাষ্টার আব্দুর রহিম আগামীতে তার গভীর চিন্তা ভাবনায় সমাজ উন্নয়নে আরো বেশি বেশি ভূমিকা রেখে আগামীতে সফল হবেন।

আমি আব্দুর রহিম সাহেবের লেখা বই Basic knowledge of Islam এবং Etiquette And Manners এর সফলতা কামনা করি। সাথে সাথে প্রার্থনা করি মহান রব যেনো তার এই প্রয়াসকে নাজাতের উছিলা হিসাবে কবুল করেন।

বইগুলোর প্রচারণায় সর্বাত্মক প্রচেষ্টার জন্য তরুণ সাংবাদিক ও সমাজকর্মী ইকবাল মাহমুদকে জানাই আন্তরিক ধন্যবাদ ও অফুরান শুভেচ্ছা।

কুলাউড়া এসোসিয়েশনের দোয়া মাহফিল









শেষ পৃষ্ঠায় পর নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের বাংলাবাজার জামে মসজিদে কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক এই মাহফিলের আয়োজন করে।

মাহফিলের শুরুতেই সংগঠনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু, মসজিদের ইমাম, পরিচালনা কমিটি ও উপস্থিত মুসল্লীগনকে এসোসিয়েশনের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। দোয়া শেষে সংগঠনের সহ সভাপতি লুৎফুর রহমান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টুর তত্ত্বাবধানে শিরনী বিতরণ করা হয়।

মাহফিলে অন্যান্যদের মধ্যে বিশিষ্ট রাজনীতিক লুৎফর রহমান চৌধুরী হেলাল, উপদেষ্টা সিরাজ উদ্দীন আহমদ সোহাগ, মোশাহিদ জে রাশেদ, শাহেদ দেলওয়ার চৌধুরী, সাবেক উপদেষ্টা মোহাম্মদ মুকিত চৌধুরী, ভিএনএস'র ম্যানেজার সালেহ আহমেদ, সাংবাদিক হাবিবুর রহমান, সিপিএ জাকির চৌধুরী, দিদার চৌধুরী ও ফরহাদুল ইসলাম লিটু, কমিউনিটি এক্টিভিস্ট তানিম চৌধুরী এবং খন্দকার বাকী প্রমুখ উপস্থিত।

এ সময় এসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টু, সহ সভাপতি লুৎফর রহমান, সাংগঠনিক সম্পাদক রাহাত বিন ওয়াহিদ চৌধুরী, কার্যনির্বাহী সদস্য অলিউর রহমান, সালিক আহমদ, মতিউর রহমান মিত্তিক উপস্থিত ছিলেন।

এদিকে কুলাউড়া এসোসিয়েশনের সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টুসহ কমিটির পক্ষ থেকে দিদারুল ইসলামের ব্রঙ্কষ্থ বাসায় গিয়ে তাঁর পিতা-মাতা, সন্তানদের খোঁজখবর ও সমাবেদনা জ্ঞাপন করেন।










করদাতাদের বিশাল তথ্য আইস'র হাতে!

প্রথম পৃষ্ঠার পর ট্রেজারি বিভাগ ও হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ (ডিএইচএস) একটি চুক্তি সই করে। এতে বলা হয়, যেসব অভিবাসীর বিরুদ্ধে ইতোমধ্যেই চূড়ান্ত বহিষ্কার আদেশ রয়েছে বা যারা ফেডারেল অপরাধ তদন্তের আওতায় আছেন, তাদের ব্যক্তিগত ও কর-সংক্রান্ত তথ্য ডিএইচএস-কে সরবরাহ করা হবে।

যদিও আইআরএস অতীতে নির্দিষ্ট আইনি কারণ দেখিয়ে সীমিত পরিসরে সংবেদনশীল কর-তথ্য প্রকাশ করেছিলো। কিন্তু এখন অভিবাসন অভিযানের উদ্দেশ্যে এত বড় আকারে ইমিগ্রেশন কর্তৃপক্ষের সাথে তথ্য শেয়ার করার ঘটনা এই প্রথম। সরবরাহ করা রেকর্ডে নাম, ঠিকানা ও কর-সংক্রান্ত তথ্য রয়েছে, যা অবৈধ ব্যক্তিদের অবস্থান ও বাসার ঠিকানা শনাক্ত করতে সহায়তা করবে ডিএইচএস ও আইস কতৃপক্ষকে।

সূত্রের বরাত দিয়ে সিএনএন জানায়, ট্রাম্প প্রশাসনের চাপের পর আগস্টের প্রথম সপ্তাহে তথ্য হস্তান্তর শুরু হয়। তবে আইআরএস-এর ভেতরে এই পরিকল্পনা নিয়ে মাসের পর মাস আইনি প্রশ্ন ও বিরোধ চলেছে। এ নিয়ে সংস্থার একাধিক জ্যেষ্ঠ কর্মকর্তা পদত্যাগ করেছেন বা পদত্যাগের পথে রয়েছেন।

এর মধ্যেই ট্রাম্প আইআরএস কমিশনার বিলি লং-কে পদ থেকে সরিয়ে দিচ্ছেন বলে সিএনএন জানিয়েছে।

ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) প্রায় ১২ লাখ ৩০ হাজার সন্দেহভাজন অবৈধ অভিবাসীর তথ্য চেয়েছিল, কিন্তু মিল না পাওয়ায় তার কমপক্ষে ৫ শতাংশ তথ্যই আইআরএস দিতে পেরেছে। হোয়াইট হাউস এই পরিমাণে অসন্তুষ্টি প্রকাশ করেছে এবং শুক্রবার সকালে সরাসরি ফোন করে বিষয়টি নিয়ে অভিযোগ তুলেছে।

ডিএইচএস কর্মকর্তারা এর আগে আইআরএস-কে জানিয়েছিলেন, তারা প্রায় ৭০ লাখ সন্দেহভাজন অবৈধ অভিবাসীর খোঁজে কর-সংক্রান্ত তথ্য ব্যবহার করতে চান যা আইআরএস কর্মীদের মধ্যে বিস্ময় সৃষ্টি করে। অনেক অনথিভুক্ত অভিবাসী কর শনাক্তকরণ নম্বর নিয়ে আইআরএস-এ নিবন্ধন করেন এবং প্রতিবছর বিলিয়ন ডলারের কর পরিশোধ করেন। তাদের এ তথ্য সাধারণত গোপন রাখা হয়।

আইনজীবীরা সতর্ক করেছেন, এই চুক্তি আইআরএস-এর তথ্য সুরক্ষার দায়িত্বকে প্রশ্নবিদ্ধ করছে এবং আদালতের আদেশ ছাড়াই ফেডারেল আইনপ্রয়োগকারী সংস্থাগুলোর হাতে গোপন কর-তথ্য তুলে দেওয়ার পথ খুলে দিচ্ছে।

মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইন্‌ক

MOULVIBAZAR DISTRICT SOCIETY OF USA INC.



এর উদ্যোগে

বার্ষিক

PICNIC 2025

বনভোজন

২০২৫

ও মিলনমেলা

স্থানঃ রেইনি পার্ক

34-24 VERNON BLVD, ASTORIA, NY 11106

তারিখঃ ১৭ আগষ্ট, রবিবার

সকাল ১১টা থেকে বিকেল ৬ টা

সম্মানীত মৌলভীবাজারবাসী, আস্‌সালামু আলাইকুম/আদাব।

আগামী ১৭ আগষ্ট ২০২৫ইং রবিবার মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটির উদ্যোগে অপরুপ সুন্দর ও প্রাকৃতিক নির্মল ছায়াবেষ্টিত রেইনি পার্কে বনভোজনের আয়োজন করা হয়েছে। উক্ত বনভোজনে আপনি/আপনারা সপরিবারে আমন্ত্রিত।

আমন্ত্রনে

সোহান আহমদ টুটুল
সভাপতি
৩৪৭-৪৯৩-৪৬০৬

সৈয়দ রুহুল আলী
সাধারন সম্পাদক
৩৪৭-২০৮-৬৬৪২

সার্বিক তত্ত্বাবধানে কার্যকরী পরিষদ

সহ-সভাপতি ১মঃ জাবেদ উদ্দিন, *সহ-সভাপতি ২য়ঃ* সৈয়দ আবুল কাসেম, *সহ সাধারণ সম্পাদকঃ* এমদাদ রহমান তরফদার, *কোষাধক্ষ্যঃ* জাহাঙ্গীর আলম, *সাংগঠনিক সম্পাদকঃ* শাহীন আহমেদ, *প্রচার সম্পাদকঃ* রবিন আহমদ, *সমাজ কল্যান ও ক্রীড়া সম্পাদকঃ* জাবেদ আহমদ, *শিক্ষা সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদকঃ* সত্যম দেব ও *মহিলা বিষয়ক সম্পাদিকাঃ* সুমেনা আহমদ সুমি।

কার্যনির্বাহী সদস্য

শাহীন হাসনাত, আলতাফ হোসেন, সৈয়দ পাভেল উদ্দিন, চমন উদ্দিন, জাকারিয়া সাহা, রিটন সরকার, মোঃ ফরহাদ চৌধুরী, মোঃ মহসিন মিয়া, হাছান আল ফাহাদ ও আরিফ আহমেদ।

উপদেষ্টা পরিষদ

আলহাজ্ব ফকরুল ইসলাম, সৈয়দ ছিদ্দিকুল হাছান, আব্দুল মছব্বির, সালেহ আহমদ চৌধুরী, সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, মিয়া মোঃ আলতাফ হোসেন, মিছবা মজিদ, দেওয়ান মোস্তাক রাজা, এজাজ আহমেদ, আব্দুল গফুর, মদব্বির আহমদ, দারাদ আহমদ, মোঃ আব্দুল হাকিম সুলেমান ও মোঃ শাহ জাহান খাঁন।

প্রচার সম্পাদক রবিন আহমদ কতৃক প্রচারিত

জুলাই অভ্যুত্থানের বর্ষপূর্তি পালন নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপির



শেষ পৃষ্ঠায় পর মহানগর দক্ষিন বিএনপির উদ্যোগে গত ৪ আগস্ট সোমবার বিকালে জ্যাকসন হাইটস এর ডাইভারসিটি প্লাজায়। ভারপ্রাপ্ত সভাপতি মোহাম্মদ সোহরাব হোসেন এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোহাম্মদ বদিউল আলমের সন্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও বহির্বিশ্ব বিএনপির সাংগঠনিক সমন্বয়ক আনোয়ার হোসেন খোকন এবং প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা।

উক্ত সমাবেশে আরো বক্তব্য রাখেন সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলমগীর হোসেন মৃধা, সাবেক যুগ্ম আহ্বায়ক এমলাক হোসেন ফয়সাল, রুহুল আমিন নাসির, নাছির উদ্দিন, কামাল উদ্দিন দিপু, ব্রুকলিন বিএনপির আহ্বায়ক গোলাম মাহমুদ, সদস্য সচিব মিজানুর রহমান মানিক এবং মহানগর দক্ষিন বিএনপির সাবেক সদস্য ফারদিন রনি। উক্ত সমাবেশে উপস্থিত ছিলেন সাবেক যুগ্ম আহ্বায়ক জিয়াউল হক মিশন, সাবেক যুগ্ম সদস্য সচিব ছাইদুর খান ডিউক, সাবেক সদস্য মোঃ আব্বাস উদ্দিন, মিজানুর রহমান মিজান, নুরুল হুদা, জামালপুর রহমান চৌধুরী সহ হাসান মাহমুদ, মনিরুল ইসলাম মনির, মোঃ অহেদুজ্জামান নিলু, রাশেদ মিয়া, মোঃ আক্তারুজ্জামান, তোফাজ্জল রহমান, মোঃ সোহেল রানা ইমন, নুরে আলম চৌধুরী, মো: নাজমুল , মোঃ আমিনুল ইসলাম মিঠু , এস এম লুৎফর, চৌধুরী সিদ্দিক, আবু বকর, ইকবাল হোসাইন, শেখ উজ্জ্বল,জাহাঙ্গীর আলম অপু, মোঃ তারেক, মোঃ ওসমান গনি, মোঃ আরিফুল, ব্রুকলিন বিএনপি নেতা হুমায়ুন কবির, মোঃ বাহার, গোলাম কাদের, মোঃ মাহরুফ, শাফিয়াল ফামিন, মোঃ কামাল সহ আরো অনেকে।

প্রধান অতিথির বক্তব্যে আনোয়ার হোসেন খোকন বলেন ফ্যাসিবাদের পতন হলেও এক বছরে দেশে বিপ্লব পরবর্তী কাংখিত লক্ষ অর্জিত হয়নি। এখনো দেশী বিদেশী চক্রান্ত চলছে বাংলাদেশের বিরুদ্ধে।জুলাই বিপ্লবকে ব্যর্থ করে দেশে নৈরাজ্য সৃষ্টি করে ফ্যাসিবাদের দোসররা এখনো ফায়দা নিতে চায়। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের দুরদর্শী নেতৃত্বে বাংলাদেশ জাতীয়তাবাদী দল দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বদ্ধ পরিকর। বাংলাদেশে নির্বাচন পুর্ব বর্তমান পরিস্থিতিতে জাতীয়তাবাদী দলের সকলকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান জনাব আনোয়ার হোসেন খোকন।

প্রধান বক্তা সেলিম রেজা বলেন স্বৈরাচার শেখ হাসিনার বিরুদ্ধে আমরা গত ১৬ বছর আন্দোলন সংগ্রামে লিপ্ত ছিলাম, তারই ধারাবাহিকতায় ফ্যাসিবাদের পতন হয়েছে। কিন্তু ফ্যাসিবাদের দোসররা এখনো দেশে বিশৃঙ্খলা সৃষ্টি করে রাজনৈতিক পরিস্থিতি ভিন্ন দিকে প্রবাহিত করতে চান। কিন্তু দেশ বিরোধী যে কোন চক্রান্ত রুখে দিতে আমরা বদ্ধপরিকর। অন্তর্বর্তীকালীন সরকারের কাছে নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করে যথাশীঘ্র সুষ্ঠ নির্বাচন আয়োজনের মধ্য দিয়ে গনতান্ত্রিক ধারায় ফিরতে আহ্বান জানান।সভাপতির বক্তব্যে মোহাম্মদ সোহরাব হোসেন বলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল দীর্ঘ ১৬ বছর ফ্যাসিবাদ বিরোধী আন্দোলন সংগ্রাম করেছে বাংলাদেশে গনতন্ত্র পুনরুদ্ধারের জন্য। গনতান্ত্রিক ধারা অব্যাহত রাখতে সুষ্ঠ নির্বাচন অপরিহার্য তাই বর্তমান অন্তর্বর্তী সরকারকে সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল সর্বাত্মক সহযোগিতা করবে বলে আশা প্রকাশ করেন।
-- প্রেস বিজ্ঞপ্তি

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্সে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কমপ্লেন্ট এডমিনিস্ট্রেটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
(Operate by JH office)

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)


- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্টাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm


President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা


JACKSON HEIGHTS ELAKABASHI
JHE
SINCE: 2003
১৫ আগস্ট জাতীয় শোক দিবস
১০০০ জায়নামাজ বিতরণ
১৫ আগস্ট ২০২৫, শুক্রবার
বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৫০তম
মৃত্যুবার্ষিকীতে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনায়
রক্তদান কর্মসূচী
গাছের চারা বিতরণ
দোয়া মাহফিল ও তবারক বিতরণ
স্থান: ৩৭-২২, ৭৩ স্ট্রিট (নবান্ন রেস্টুরেন্টের সামনে). সময়: দুপুর ২টা থেকে রাত ৯টা
সভাপতি
সাকিল মিয়া
আহ্বায়ক
মীর নিজামুল হক
সদস্য সচিব
মামুন মিয়াজী
সাধারণ সম্পাদক
মো. আলম নমি
যুগ্ম আহ্বায়ক:
মিয়া মোঃ দুলাল, আলমগীর হোসেন, আব্দুল মালেক ও আব্দুল হামিদ
পরিচালনায়: শাহ নেওয়াজ
যুগ্ম সদস্য সচিব:
ডিউক খান ও মোঃ মাহবুব রহমান
তত্ত্বাবধানে: শাহ জে. চৌধুরী প্রধান সমন্বয়কারী: মইনুল ইসলাম প্রধান পৃষ্ঠপোষক: আসেফ বারী টুটুল
চেয়ারম্যান: হারুন ভূঁইয়া, কো-চেয়ারম্যান: সাখাওয়াত বিশ্বাস, জেড আর চৌধুরী (লিটু)ও মফিজুর রহমান
পৃষ্ঠপোষক: আশরাফ চৌধুরী খোকন, মোঃ কামরুজ্জামান কামরুল, ফাহাদ সোলায়মান, নুরুল আজিম, তারেক হাসান খান ও এটর্নি মঈন চৌধুরী
সহযোগিতায়: গোল্ডেন এইজ হোম কেয়ার, মঈনুল ইসলাম, এম এ আজিজ, শাহ জে চৌধুরী, বারী হোম কেয়ার, শেখ নোমান পলাশ, কেয়ারিং ফ্রেন্ড ডিরেক্ট, এটারনাল কেয়ার সার্ভিস, ডেরা রেস্টুরেন্ট, মেসবাহ আবেদীন, শেখর কৃষ্ণ, ডা. ফেরদৌস খন্দকার, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন, সি কে (অভি), মনসুর চৌধুরী, প্রিমিয়াম সুইটস, মাসুদ খানা তপন (সানম্যান), শান্ত দাস, রিলায়েবল হোম কেয়ার, ফাষ্ট হোম কেয়ার, এন ওয়াই হোম কেয়ার, রেজা রশীদ, দুলাল বেহেদু, আহসান হাবিব, নুরুজ্জামান সরদার, ফরহাদ রেজা, শিলফা শিরিন, ডাঃ বর্ণালী হাসান, হাসান জিলানী, এস এস ব্রোকারেজ, মোঃ কে. ভূইয়া, গোলাম হাসান, রফিকুল ইসলাম, আকতারুর রহমান মামুন, রনি, মোঃ জাহিদ মিয়া, মোঃ নাজের উদ্দিন, সাপ্পদ খান, রাজু আহমেদ, জেবিবিএ, হাসান মাহমুদ সোহেল, মোঃ লুৎফুর রহমান টুনু, মোঃ আশরাফুল আজিজ, মোঃ জহিরুল ইসলাম, মোঃ আব্দুর রহিম ভূঁইয়া, মোঃ আবু তাহের, মোঃ আনোয়ার হোসেন (অনু), আহাদ ভূঁইয়া, আমিন খান জাকির, শফিকুর রহমান, আবুল ফজল দিদার, অতি (সি কে ফুড), মির্জা এম জামান, শাহ্ শহিদুল হক, মোঃ সোহাগ, পাটেল ব্রাদার্স, ডা. তৌহিদ শিবলী, তানভীর শাহীন।
সার্বিক সহযোগিতায়: মোঃ মানিক বানু, কামরুজ্জামান বকুল, হুমায়ুন কবীর ঢালী, আবু নসর, আসাদুল ইসলাম আসাদ, মোঃ হাসনাত হাসান, শামস জনি, শাহীন চৌধুরী, আফতাব জনি, আকরাম হোসেন বিপ্লব, মোঃ সায়েম উল্লাহ, মুক্তা মিয়া, গোপাল সান্যাল, ওয়াসীম, গনেশ কাঁতগীয়া, মোঃ রাসবি, শাহরিয়ার হোসেন, শোভন, আনোয়ার উদ্দিন, মহিউদ্দিন রাহুল, রেদওয়ানুর রহমান জুয়েল, জাহারানা আক্তার (লাকী), ফারহানা চৌধুরী, মনির হোসেন, শ্যামল নাথ, মতিউর রহমান ও মতিন।
উপদেষ্টা পরিষদ: শাহ নেওয়াজ (প্রধান উপদেষ্টা), মো: মহিউদ্দিন দেওয়ান, আনোয়ার জাহিদ, রাশেদ আহমেদ, ইশতিয়াক রুমী, সিরাজুল হক কামাল, কামরুজ্জামান কামরুল, প্রদীপ সাহা, কাজী শামসুদ্দোহা, মনসুর চৌধুরী, মোঃ পিয়ার, রেদোয়ান কবির, রফিক আহমেদ, ইকতারুজ্জামান রতন, মোঃ কবির রতন, এলিন রহমান, শফিউদ্দিন মিয়া ও শাহাদাৎ হোসেন।
ফটোগ্রাফি: নিহার সিদ্দিকী
আয়োজনে
জ্যাকসন হাইটস এলাকাবাসী

...অশান্ত বিশ্বে, আমাদের হৃদয় শান্তির জন্য আকুল হয়ে থাকে। শান্তির এই পবিত্র সন্ধানে জীবন উৎসর্গ করেছিলেন বাংলা মায়ের সন্তান শ্রী চিন্ময়, যিনি বিশ্বজুড়ে শান্তির পরম দূত হিসেবে পরিচিত ছিলেন...

শ্রী চিন্ময়ের অন্তরস্পর্শী শান্তি সঙ্গীতের বিশেষ অনুষ্ঠান









নিউইয়র্ক: বিশ্বখ্যাত বাঙালী ধ্যানসাধক, জাতিসংঘে পিস মেডিটেশনের দীক্ষাগুরু এবং মানবতার কবি শ্রী চিন্ময়ের 'শান্তি সংগীত' অনুষ্ঠিত হয়েছে। গত ৩ আগষ্ট রোববার কুইন্সে শ্রী চিন্ময় আন্তর্জাতিক পিস গার্ডেনে অনুষ্ঠিত এই সংগীত আয়োজনে, বাংলাদেশের পুরস্কারপ্রাপ্ত শিল্পী আঁখি হালদার পরিবেশন করেন শ্রী চিন্ময়ের একুশটি অন্তরস্পর্শী শান্তি এবং আধ্যাত্মিকতার গান। কি-বোর্ডে ছিলেন শ্রী চিন্ময় সেন্টারের বর্ষীয়ান সংগীত শিক্ষক চন্ডিকা কাপালিকা এবং মন্দিরায় সঙত করেন শহীদ উদ্দিন।

টিভি ব্যক্তিত্ব দিমা নেফারতিতি'র সঞ্চালনা এবং শুভেচ্ছা জ্ঞাপনের মধ্যে দিয়ে শুরু হয় অনুষ্ঠান। দিমা নেফারতিতি, ধ্যানসাধক শ্রী চিন্ময়ের বৈশ্বিক একতা দর্শন এবং শান্তি সংগীত এর দর্শন আমন্ত্রিত অতিথিদের জন্য উপস্থাপন করেন। এরপরে শ্রী চিন্ময় সেন্টার ইন্টারন্যাশনাল এর প্রেসিডেন্ট শ্রীমতি রঞ্জনা কুমারী ঘোষ শুভেচ্ছা বক্তব্য দেন। শ্রীমতি রঞ্জনা কুমারী ঘোষ বিশ্ব বরেণ্য বাঙালী ধ্যানসাধক, পশ্চিমা বিশ্বের কাছে 'আধুনিক রেনেসাঁ মানব' হিসেবে সমাদৃত গুরু শ্রী চিন্ময়ের জীবন, দর্শন এবং সারাজীবনব্যাপী মানবতার অভূতপূর্ব কর্মকান্ড সম্পর্কে অতিথিদের অবগত করেন এবং শ্রী চিন্ময়ের শান্তি সংগীত এর এই মনোলোভা আয়োজন উপভোগ করবার আহবান জানান।

এরপরে শুরু হয় আঁখি হালদার এর সঙ্গীত পরিবেশনা। গুরু শ্রী চিন্ময়ের কথা এবং সুরের অন্তরস্পর্শী একুশটি শান্তির গান আঁখি হালদার এর কণ্ঠে অতিথিরা মগ্ন হয়ে উপভোগ করেন। আজকের এই অশান্ত বিশ্বে, আমাদের হৃদয় শান্তির জন্য আকুল হয়ে থাকে। শান্তির এই পবিত্র সন্ধানে জীবন উৎসর্গ করেছিলেন বাংলা মায়ের সন্তান শ্রী চিন্ময়, যিনি বিশ্বজুড়ে শান্তির পরম দূত হিসেবে পরিচিত ছিলেন। ২০০৭ সালে পরলোকগমনের আগে পর্যন্ত শ্রী চিন্ময় তাঁর সাহিত্য, শিল্প, ক্রীড়া এবং সর্বোপরি সংগীতের মাধ্যমে বিশ্বময় শান্তির বার্তা ছড়িয়ে দিয়েছেন। শ্রী চিন্ময় তাঁর সংগীতের বিশাল সৃষ্টির সম্ভারে মানবজাতিকে নিরন্তর বৈশ্বিক একতা দর্শনে অনুপ্রাণিত করেছেন।

অনুষ্ঠানে শ্রী চিন্ময় সেন্টার ইন্টারন্যাশনাল এর বাংলাদেশ শাখার প্রধান শান্তিশ্রী ম্যাকগ্রাথ তার বক্তব্যে বাংলাদেশ সেন্টার এর নানাবিধ 'শান্তি ও সম্প্রীতি কর্মকান্ড' সম্পর্কে অতিথিদের অবগত করেন। সবশেষে অতিথিদের ধন্যবাদ জ্ঞাপন করে বক্তৃতা দেন গুরু শ্রী চিন্ময়ের বর্ষীয়ান বাংলাদেশী ডিসাইপল, একাত্তরের মুক্তিযোদ্ধা, লেখক খুরশীদুল ইসলাম। উল্লেখ্য, বিশ্বের ৭০ টির অধিক দেশে শ্রী চিন্ময় সেন্টার গত ষাট দশক ধরে ধ্যানসাধনা, শান্তি, সম্প্রীতি ও মানবতামূলক কর্মকান্ড পরিচালনা করে আসছে। -প্রেস বিজ্ঞপ্তি।



যুক্তরাজ্য জালালাবাদ সভাপতির সঙ্গে মতবিনিময়







শেষ পৃষ্ঠায় পর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিমের পরিচালনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর সাবেক সভাপতি ময়নুল হক চৌধুরী হেলাল, সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার ও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টির আজিমুর রহমান বোরহান, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ও বাংলাদেশ সোসাইটি সাবেক ট্রাস্টি মকবুল রহিম চুনই, সুনামগঞ্জ জেলা সমিতির সাবেক সভাপতি এস এম জলিল, বাংলাদেশ সোসাইটি সাবেক নির্বাচন কমিশনার আবু নাসের প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন মাওলানা রাশিদ আহমেদ। এসময় বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।

সংবর্ধিত অতিথিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান সংগঠনের কার্যনির্বাহী কমিটির সভাপতি বদরুল খান, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, সহ-সভাপতি লোকমান হোসেন লুকু (সিলেট) সহ-সভাপতি শামীম আহমেদ (সুনামগঞ্জ) সহ-সভাপতি মো. শফিউদ্দিন তালুকদার (হবিগঞ্জ) সহ-সভাপতি মো. জাবেদ উদ্দিন (মৌলভীবাজার) কোষাধ্যক্ষ মো. আলীম, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বুরহান উদ্দীন, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়সাল আলম, কার্যনির্বাহী সদস্য আব্দুল আজিজ, হুমায়ুন কবির সোহেল, দেলোয়ার হোসেন মানিক, ফজল খান প্রমুখ।

স্বাগত বক্তব্য দেন- জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সহ-সভাপতি মো. শফিউদ্দিন তালুকদার। শুভেচ্ছা বক্তব্য দেন সহ-সভাপতি শামীম আহমেদ, লোকমান হোসেন লুকু ও মো. জাবেদ উদ্দিন।

উপস্থিত অথিতিদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য দেন- বিশিষ্ট রাজনীতিবিদ ও বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ আহমেদ, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, সাবেক ছাত্রনেতা আব্দুল কুদ্দুস টিটু, জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকা ইনকের সাবেক ও বাংলাদেশ সোসাইটির সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী, বিশিষ্ট ব্যবসায়ী সারওয়ার হোসেন, সাবেক ক্রীড়াবিদ খালিকুর রহমান প্রমুখ।

মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন- বাংলাদেশ সোসাইটির জনসংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, বীর মুক্তিযোদ্ধা বাবুল আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিটি অ্যাক্টিভিস্ট আবুল হোসেন, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সহ-সাধারণ সম্পাদক রাজু আহমেদ, কাজী আবুল বাকার, মো. এ আহাদ, শাহাব আহমেদ, আসাদ উদ্দিন, এমডি হারুনুর রাশিদ, এমডি জাহেদ হোসাইন, আবুল কালাম আজাদ, আব্দুর হক মুনিয়া, আহমেদ মুস্তাফা, এমডি আব্দুল কুদুস, মো. এন ইসলাম, সাংবাদি মিসবাহ উদ্দিন, খালিকুর রহমান, হেলালুর রহমান, রেজাউল হাসান আবু, সরুইক হোসেন, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসসের সাংগঠনিক সম্পাদক দীপঙ্কর দেব ও সদস্য তানিম চৌধুরী, ছাত্রনেতা জিল্লুর রহমান, তারেক আহমেদ, নুমান আহমেদ প্রমুখ।



কমিউনিটি সেবায় অবদান: পুলিশ কর্মকর্তা গ্যাবরিয়েলকে সম্মাননা










শেষ পৃষ্ঠায় পর সন্ধ্যায় এস্টোরিয়ার একটি রেষ্টুরেন্টে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভার শুরুতে নিউইয়র্কের ম্যানহাটানের পার্ক অ্যাভিনিউয়ে দায়িত্ব পালনকালে অস্ত্রধারীর গুলিতে ডিটেকটিভ দিদারুল ইসলাম রতনের মৃত্যুতে শোক প্রকাশ ও এক মিনিট নিরবতা পালন করা হয়। এছাড়া দিদারুলের আত্মত্যাগ ও কর্মজীবন নিয়ে বিশেষ আলোচনা করা হয়।

সংগঠনের সভাপতি সোহেল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালনা করেন সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন। এসময় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. মাসুদুর রহমান, এনওয়াইপিডি'র সার্জেন্ট মাইকেল মারফি, সার্জেন্ট আসমাত, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভির সিইও আবু তাহের, সিনিয়র সাংবাদিক ও লেখক সাঈদ তারেক ও আল আমীন মসজিদের সভাপতি শাহাব উদ্দিন।






অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশন - বাপা'র প্রতিষ্ঠাতা শামসুল হক, বাপা সদস্য সৈয়দ এনায়েত আলী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সোবহান, সংগঠনের সহ সভাপতি কয়েস আহমেদ, সদস্য মীর জাকির সহ আরো অনেকে। অনুষ্ঠানে পুলিশ অফিসার গাবরিয়েল টোবার-কে প্ল্যাক দিয়ে সম্মানিত করা হয়।

অনুষ্ঠানে আয়োজক সংগঠনের উপদেষ্টা চৌধুরী সালেহ, দেওয়ান শাহেদ চৌধুরী, হাজী আব্দুর রহমান, সদস্য মীর জাকির, ফয়সল আহমেদ, মোহাম্মদ রুবেল, মোহাম্মদ নূরুল হক, মোহাম্মদ হোসেন, আব্দুল খালিক, সুনামগঞ্জ বন্ধন সোসাইটির সভাপতি নজরুল গণি ও সাধারণ সম্পাদক হুমায়ুন আহমেদ, কমিউনিটি এক্টিভিস্ট এম এ বাকি, চমন উদ্দিন, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ'র কোষাধ্যক্ষ ওবায়দুর রহমান কামাল, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মোহাম্মদ আলী জিন্নাহ, ইঞ্জিনিয়ার আব্দুল মতিন, সিদ্দিকুর রহমান, আল আমিন, মোহাম্মদ আলী, আব্দুল হান্নান, জামাল উদ্দিন, এনাম উদ্দিন, চৌধুরী জায়েদ, আজিজুর রহমান, আজাদ, ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড ইয়ুথ ডেভোলাপমেন্ট টিমের সদস্য ফারহান আব্দুর রহমান, এসএম আবিদ ইবতিয়াজ, মালিহা রহমান, নাবিলা আহমেদ, রাইসা তায়্যবা খান প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রাথমিক তালিকায় নেই

প্রথম পৃষ্ঠার পর হাজার থেকে ১৫ হাজার ডলার পর্যন্ত নির্ধারিত পরিমাণ অর্থ 'ভিসা-বন্ড' হিসেবে জমা দিতে হবে। ভিসার শর্ত মেনে নির্ধারিত সময়ের মধ্যে যুক্তরাষ্ট্র ছাড়লে বন্ড ফেরত দেয়া হবে। তবে কোনো শর্তভঙ্গ বা মেয়াদ অতিরিক্ত হলে তা বাজেয়াপ্ত করা হবে। আবেদনকারীদের নির্ধারিত এয়ারপোর্ট বোস্টনের লোগান, নিউইয়র্কের জন এফ কেনেডি এবং ওয়াশিংটনের ডালাস থেকেই প্রবেশ ও প্রস্থানের শর্ত মেনে চলতে হবে। আন্তর্জাতিক গণমাধ্যমে প্রকাশিত সংবাদে নতুন এ ব্যবস্থা নিয়ে জাম্বিয়া সরকার ক্ষোভ প্রকাশ করেছে। তারা দাবি করেছে, এ সিদ্ধান্ত 'অত্যন্ত আর্থিক চাপ সৃষ্টি করবে'।

সংশ্লিষ্টরা মনে করছেন, ভিসা-বন্ড প্রোগ্রাম যুক্তরাষ্ট্রের ভ্রমণ ও অভিবাসন নীতিতে একটি উল্লেখযোগ্য পরিবর্তন। এটি বিশ্বব্যাপী ভ্রমণ ও ব্যবসায় মারাত্মক প্রভাব ফেলবে। যুক্তরাষ্ট্র সরকার এ পদক্ষেপ নিয়েছে ওভারস্টে অর্থাৎ অনুমোদিত সময়ের বাইরে অবস্থানের প্রবণতা বেশি থাকা দেশের নাগরিকদের নিয়ন্ত্রণ ও সতর্ক করার জন্য। ভবিষ্যতে যদি অন্য দেশ এ তালিকায় যুক্ত হয়, তাহলে তা ভিসা আবেদনকারীদের জন্য বড় ধরনের পরিবর্তন নিয়ে আসবে বলে মনে করা হচ্ছে।

নিজের ২ বছরের শিশু

প্রথম পৃষ্ঠার পর পাওয়া গেছে। গত ১ মাস ধরে শিশুটি নিখোঁজ ছিল। জুন মাসে ওই ২ বছর বয়সী শিশু মন্ট্রেল উইলিয়ামসকে মৃত অবস্থায় ইস্ট নদীতে পাওয়া যায়। বাবার বিরুদ্ধে শিশু মন্ট্রেলকে নদীর উপরের সেতু থেকে ফেলে দেয়ার অভিযোগ উঠেছে। শিশুটির বাবা ২০ বছর বয়সী আরিয়াস উইলিয়ামসকে হত্যা অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। শিশুটির মা সিয়েরা ক্যারল ইতমধ্যে নিউইয়র্ক সিটি পুলিশ বিভাগে মামলার দায়েরের পরিকল্পনা করছেন।

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়কে শত কোটি

প্রথম পৃষ্ঠার পর যে পরিমাণ জরিমানা দিতে রাজি হয়েছে, তার পাঁচ গুণ বেশি জরিমানা করা হয়েছে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়কে। এদিকে বিশ্ববিদ্যালয়টির এক জ্যেষ্ঠ কর্মকর্তা বলেন, এই পরিমাণ অর্থদণ্ড দিতে হলে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ব্যবস্থায় 'একেবারে ধস' নেমে আসবে।

স্বাস্থ্যসেবা বঞ্চিত হতে পারেন ২ লাখ অভিবাসী বাংলাদেশী

প্রথম পৃষ্ঠার পর

ধরনের বাজেট কাটছাঁটের প্রস্তাবে সবচেয়ে বেশি অসুবিধায় পড়বে নিম্ন আয়ের পরিবার ও অভিবাসীরা। বিশেষ করে নথিপত্রহীন মানুষজন স্বাস্থ্যসেবা হারাবেন।

যুক্তরাষ্ট্রে চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া ওষুধ কেনা যায় না। প্রস্তাবিত এই বাজেটে আংশিকভাবে মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের জন্য কোনো দিকনির্দেশনা ও বরাদ্দ নেই। অনেকেই হারাবেন স্বাস্থ্যসেবা-সংক্রান্ত চাকরি। ১ হাজার ১১৬ পৃষ্ঠার 'ওয়ান বিগ বিউটিফুল' বিলের আওতায় প্রস্তাবিত বাজেটে ৪৮ পৃষ্ঠা রাখা হয়েছে স্বাস্থ্যসেবা ও ওষুধ বিষয়ে। তাই বিশাল এই বাজেট সম্পর্কে সুস্পষ্ট ধারণা নেই অনেকেরই।

নিউইয়র্ক, নিউজার্সি, ক্যালিফোর্নিয়া, ফ্লোরিডা, টেক্সাস, মিশিগানসহ বিভিন্ন অঙ্গরাজ্যে চার লাখের বেশি বাংলাদেশি অভিবাসী বসবাস করেন। তাঁদের বেশির ভাগই মধ্য ও নিম্ন আয়ের কাজের সঙ্গে যুক্ত। তাঁরা স্বাস্থ্য বিষয়ে সরকারি সহযোগিতার ওপর নির্ভরশীল। হোম কেয়ার, রাইড শেয়ার, রেস্তোরাঁ, ডেলিভারি ও ট্যাক্সিচালকেরা নানাভাবে এই ক্ষতির আওতায় পড়বেন।

প্রায় ২ কোটি ৩০ লাখ মানুষ এবং ২ থেকে আড়াই লাখ বাংলাদেশি অভিবাসী স্বাস্থ্যসেবা নিয়ে ক্ষতির মুখে পড়বেন। অনেক হোম কেয়ার, ডে-কেয়ার এমনকি হাসপাতালও বন্ধ হয়ে যেতে পারে বলে ধারণা করছেন বিশেষজ্ঞরা।

পাওয়া যাবে দ্রুত গ্রীন কার্ড: অনিবন্ধিতরা পাবেন বৈধতা

প্রথম পৃষ্ঠার পর

যাবে। এ সময় তাদের ক্ষতিপূরণ প্রদান ও নিয়মিতভাবে হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্টে রিপোর্ট করতে হবে। তবে এ সুযোগ ফেডারেল সুবিধা বা নাগরিকত্ব পাওয়ার সুযোগ দেবে না।

কংগ্রেসওম্যান মারিয়া সালাজার বলেন, "এটি কোনো সাধারণ ক্ষমা নয়, কোনো বিনামূল্যের সুযোগ নয়, নাগরিকত্বও নয়। এটি জবাবদিহি এবং আমাদের অর্থনীতি ও ভবিষ্যতের স্থিতিশীলতার পথ।" তিনি আরও জানান, বিলের ব্যয় সম্পূর্ণ আসবে আবেদনকারীদের ক্ষতিপূরণ ও ফি থেকে। করদাতাদের অর্থ ব্যয় হবে না।

বিলটিতে সীমান্ত নিরাপত্তা জোরদারে স্থায়ী কাঠামো তৈরির পরিকল্পনা রয়েছে যার মধ্যে রয়েছে বাধা, ড্রোন, রাডার, এবং ই-ভেরিফাই ব্যবস্থার মাধ্যমে সব নিয়োগকর্তার জন্য কর্মীদের বৈধতা যাচাই বাধ্যতামূলক করা। সীমান্তে পরিবারের সম্পর্ক নিশ্চিত করতে ডিএনএ পরীক্ষার বিধানও রাখা হয়েছে।

সালাজার সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, "ডিগনিটি অ্যাক্ট ২০২৫ সীমান্ত নিরাপত্তাকে স্থায়ীভাবে আইনে রূপ দেবে। আর কোনো অজুহাত নয়।"

মিশিগানে দু'দিনব্যাপী বাংলাদেশী আমেরিকান ফেস্টিভ্যাল

ফেস্টিভ্যালে বাংলাদেশের খ্যাতনামা শিল্পীদের মনোমুগ্ধকর পরিবেশনা দর্শকদের মাতিয়ে তোলে। প্রথম দিনে মঞ্চ মাতান জনপ্রিয় কণ্ঠশিল্পী শাহনাজ বেলি এবং লোকগানের প্রাণপুরুষ বাউল কালা মিয়া, তরুণ সংগীতশিল্পী অনিক রাজসহ স্থানীয় শিল্পীবৃন্দ।

দ্বিতীয় দিনে জনপ্রিয় পপ তারকা প্রীতম হাসান ও প্রতীক হাসান ভ্রাতৃদ্বয়ের দুর্দান্ত পারফরম্যান্স উপহার দেন হাজার হাজার দর্শকদের। এছাড়াও পরিবেশনায় ছিল স্থানীয় ব্যান্ড টেন এন হাফ মাইল ও হৃদম অব বাংলাদেশ। হাওয়াই গীটারে দেশের গান বাজিয়ে দর্শকদের মন জয় করেন কামাল উদ্দিন।

এ উৎসবে গেস্ট অব অনার হিসাবে উপস্থিত ছিলেন-মিশিগানের সেক্রেটারি অব স্টেট জোসেলিন বেনসন, স্টেট সিনেটর ম্যালোরি ম্যাকমোরো, স্টেট রিপ্রেজেন্টেটিভ মাইক ম্যাকফল, স্টেট রিপ্রেজেন্টেটিভ রন রবিনসন ও ওয়ারেন সিটির মেয়র লরি স্টোন।

আমন্ত্রিত অতিথির মধ্যে ছিলেন নিউইয়র্ক থেকে আগত বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, বাংলাদেশ সোসাইটির সাবেক ট্রাস্টি ও বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন-বাকার প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাসিম হাসনু, বাংলাদেশ এসোসিয়েশন ট্রাস্টি জুনেদ চৌধুরী, বাকার সাধারণ সম্পাদক বদরুজ্জামান রুহেল, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রায়হান জামান রানা, অরল্যান্ডো থেকে আগত নর্থ আমেরিকার প্রথম আলোর বিশেষ প্রতিনিধি জুয়েল সাদত।

এছাড়াও উপস্থিতি ছিলেন হেমট্রামিক সিটির মেয়র পদপ্রার্থী কাউন্সিলর মুহিত মাহমুদ, ট্রয় সিটি কাউন্সিল পদপ্রার্থী সাদেক রহমান সুমন, মিশিগান ডেমোক্রেটিক পার্টির ভাইস চেয়ারম্যান নাজমুল হাসান শাহিন, এমআইবিএডিস্ট্রির প্রেসিডেন্ট সুলেমান বাহার।

উৎসবে শুভেচ্ছা বক্তব্য রাখেন কাউন্সিলম্যান জনাথন লেফার্টি, তোফায়েল হোসেন, সানী জায়গীরদার, গিয়াস তালুকদার, বাম উপদেষ্টা ইঞ্জিনিয়ার আব্দুল আহাদ, ট্রাস্টি মেম্বার আহাদ মোহাম্মদ, সাবেক সভাপতি ও ট্রাস্টি মেম্বার মতিন চৌধুরী, ফিটজেরাল্ড স্কুলের সাবেক ফুটবল কোচ গ্যারি স্কোপ, ওয়ারেন পুলিশ ডিপার্টমেন্টের ক্যাপ্টেন ম্যাথিউ ডিলেনবেক, ডেপুটি পুলিশ কমিশনার চার্লস রাস্টন, বাম উপদেষ্টা লুৎফুর বারী নিয়ন, ক্রাইম কমিশনার ও বাম উপদেষ্টা সুমন কবির প্রমুখ।

উৎসবের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন- বামের সভাপতি জাবেদ চৌধুরী। সাবেক সাধারণ সম্পাদক সুমন কবির ও প্রচার সম্পাদক তাহমিদ চৌধুরীর যৌথ সঞ্চালনায় বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীতের সাথে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ফেস্টিভ্যালের উদ্বোধন হয়।

শুরুতে মাইলস্টোন স্কুল ট্র্যাজেডিতে























এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

২০২৬ ফিস্ক্যাল ইয়ার এর জন্য এইচ-১বি ভিসা ক্যাপঃ

ইউএস সিটিজেনশিপ এন্ড ইমিগ্রেশনে সার্ভিসেস (ইউএসসিআইএস) ২০২৬ অর্থবছরের নির্ধারিত সংখ্যার চেয়ে অনেক বেশি এইচ-১বি ভিসার মধ্যে আছে নিয়মিত কোটায় ৬৫ হাজার এবং এ্যাডভান্স ডিগ্রীধারীদের কোটায় ২০ হাজার। এর বাহিরে নতুন আর কোন আবেদন নেয়া হবে না। তবে নিয়োগকারীরা এমনও এক্সটেনশন, ট্রান্সফার এবং ক্যাপ বহির্ভূত আবেদন এইচ-১বি শ্রমিকদের জন্য ফাইল করতে, এটার অর্থবছর ২০২৬ এর প্রক্রিয়ার জন্য চূড়ান্ত পদক্ষেপ। যেসব কোম্পানি এইচ-১বি ভিসার জন্য আবেদন করার সুযোগ নিতে পারেননি-তারা বিকল্প ভিসার আবেদন করতে পারেন। নতুবা পরবর্তী বছরে (২০২৬) লটারির জন্য অপেক্ষা করতে পারেন।

ডিএইচএস সোশ্যাল মিডিয়ায় ধর্ম বিদ্বেষী কোন কর্মকান্ড হচ্ছে কিনা তা পরীক্ষা করে দেখবে :

এপ্রিল ০৯, ২০২৫ ইউএস সিটিজেনশিপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) ঘোষণা করেছে যে, সোশ্যাল মিডিয়ায় তারা বিদেশি নাগরিকদের ধর্ম বিরোধী কোন মন্তব্য করে কিনা তা পরীক্ষা করতে শুরু করেছে।

কোন সুইশ ব্যক্তিকে নাজেহাল করলে সেই অজুহাতে তার ইমিগ্রেশন সুবিধা প্রাপ্তির আবেদন প্রত্যাখা হতে পারে। আবার সেই সাথে পারমানেন্ট রেসিডেন্ট ষ্ট্যাটাস, বিদেশি ছাত্র এবং ধর্ম বিরোধী কর্মে লিপ্তদের আইনসম্মত পারমানেন্ট রেসিডেন্ট আবেদন ও ক্ষতির কারণ হতে পারে।

ধর্মবিরোধী কাজের মোকাবেলায় অতিরিক্ত পদক্ষেপ হিসেবে এসবি প্রেসিডেন্ট ট্রাম্পের নির্বাহী আদেশের সঙ্গে প্রাসঙ্গিক এবং যুক্তরাষ্ট্রকে বিদেশি সন্ত্রাসীদের আক্রমণ থেকে রক্ষা করা।

ডিএইচএস সর্বোচ্চ মাত্রায় সকল প্রাসঙ্গিক ইমিগ্রেশন আইন কার্যকর করবে



দেশকে বিদেশি চরমপন্থী, সন্ত্রাসীদের হাত থেকে রক্ষা করতে। এসব সন্ত্রাসীদের মধ্যে উল্লেখযোগ্য যেমন হামাস, ফিলিস্তিনী, ইসলামী জিহাদ, হিযবুল্লাহ অথবা আনসার আল্লাহ আফা ঃ "দি হাইথেসি।"

এ ব্যাপারে বিস্তারিত জানতে ইউএসসিআই এস গভ: ভিজিট করুন।

এ ব্যাপারে আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে পূর্বের প্রকাশিত তথ্য পুনরায় প্রকাশ করা হলো।

নিউইয়র্ক থেকে ম. চৌধুরীর প্রশ্ন।

আমি একজন ইউএস সিটিজেন, আমার আবেদনে আমার স্বামী গ্রীনকার্ডধারী হিসেবে এদেশে এসেছে। আমার স্বামীর বাংলাদেশের মা আছেন। যিনি স্বামীহারা বলে বর্তমানে একা আছেন।

আমার গ্রীনকার্ডধারী স্বামী তার মাকে এদেশে আনতে চায়। কিন্তু আমার জানার বিষয় হচ্ছে যে তার মাকে এদেশে আনার ব্যাপারে উপযুক্ত কিনা?

ম, চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

একজন গ্রীনকার্ডধারী তার স্পাউস এবং ২১ নিম্ন বয়সী অবিবাহিত সন্তানের মধ্যে আবেদন করতে পারেন।

উল্লেখ্য যে, গ্রীনকার্ডধারীরা তাদের বিবাহিত সন্তান, মা-বাবা এবং ভাই বোনের জন্য আবেদন করতে পারেন না।

আপনার স্বামী একজন গ্রীনকার্ডধারী সে কারণে বাংলাদেশে বসবাসকারী তার মায়ের মা জন্য ইমিগ্রেশন আইন অনুযায়ী আবেদন করার ব্যাপার উপযুক্ত বলে বিবেচিত হবে না। তাকে সিটিজেনশিপ পাওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে।

আগস্ট ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টে ডিপার্টমেন্ট (ডিওএস) আগস্ট ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে আগস্ট ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। উল্লেখ্য যে, "ফাইনাল এ্যাকশন ডেট" বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ হয় এর পূর্বে।

আগস্ট ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অগ্রগতি হয়নি।

ফ্যামিলি স্পনসর্ড প্রেফারেন্সেস :

প্রথম: (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং সন্তান ঃ সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ অক্টোবর ১৫, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০১ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

আপনাদের জন্য আমরা যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এ্যাটর্নীর সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.


এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

যেও না
রহমান মুজিব

যেও না, ফিরে এসো
যাওয়া এক অনন্ত স্থবিরতা, আতর-লোবানের
সুবাসে ছড়িয়ে পড়া অশ্রুর রকমারি রোদন

যারা গেল, তাদের শূন্যতার সেতারে অহর্নিশ বাজছে
মৃত প্রহরের কুচকাওয়াজ আর বিয়োগচিহ্নের
বিস্তীর্ণ সরোবর জুড়ে ভাসছে নিহত কথার পান্ডুলিপি

অনেক সূর্য তবু অষ্টের আগে অস্ত যায়
এবার এসো- স্বপ্নের টেরাকোটায় জীবন মলাটবদ্ধ কবি
আয়ুরেখা হতে মুছে দেই অকাল প্রয়াণের তালিকা

আমাদের একান্ত কোন গল্প ছিল না
পারভীন শাহনাজ

আমাদের দ্বৈত কোন স্বপ্ন ছিল না
কখনও একসাথে প্রভাতফেরিতে হাঁটা হয়নি
নগ্ন পায়
কোরাসে সুর মেলেনি জীবনের আনন্দ
আয়োজনে, অথবা ব্যর্থতায়
কোন পূর্ণিমা রাতে দু'জনে হাতে হাত রেখে
জোছনা মাখিনি গায়
আমাদের একান্ত কোন গল্প ছিল না, তাই
কোলাহল এড়িয়ে নির্জনতা খুঁজিনি দিনান্তে, বালুকাবেলায়
আমাদের ব্যথাগুলো ছিল লুকোনো, মিশরীয়
পিরামিডের মতো বুকের গোপন কুঠুরিতে
কালো কাপড়ের নিভাঁজ আচ্ছাদনে!
আমরা মুখোমুখি প্রতিবাদে সরব হইনি কখনো,
অকারণ ভুল সমীকরণে
তথাপি দিন শেষে আমাদের ক্লান্তদেহ লুটোয়
একই ঠিকানায়
সমান্তরাল- অনিমিখ রেখায়।

ফাঁসি
শাহীনুল ইসলাম

চিরশত্রুর ঘর ফুঁড়ে জন্মেছে ধাতব প্রেম
দূরে বিষপিঁপড়ায় সারিবদ্ধ ফুল
দেহ সমুদ্রের জলতরঙ্গে মূল্যবিহীন আয়ু

প্রেম ও জানের অঙ্ক কষতে গিয়ে
'খলিল' ধাতব সুরে ডাকলেন
চিরশত্রু ও প্রেমিকার হাতিয়ার মৃত্যুস্থ যান

ধাতব খুন, আসামি খলিল, ফাঁসির কাস্টে প্রেম....

দৃষ্টান্তমূলক প্রতিশোধ
তোফায়েল তফাজ্জল

সহায়-সম্পদে যে বা যারা হীনকায়
তাদেরকে দেখা হয় নোংরায় সাঁতরানো পিঁপড়েরূপে।
অনুষঙ্গে না গেলেও গায়ে পড়ে কিছু দুর্বলতা নেড়েচেড়ে
দর্শক-শ্রোতাকে গিলিয়ে বা বিলি করে তৃপ্তি পায় ছোটোমনা।
ফুরফুরে মেজাজে থাকে ছুঁড়ে মেরে খাপেখাপ না-মেলা কথার নাড়িভূঁড়ি।
এইসব দুঃখবোধ বুকে চেপে কিংবা ছিপি এঁটে
রাত পোহায় বা দিন কাটে অনেকেরই।
ধৈর্যশীল এগুলোকে বল বাড়ার ওষুধ ভেবে গিলতে থাকে,
পরিস্থিতি ডিঙানোর চর্চা করে কোনো ক্ষণকে না করে হেলা।

সত্যি, এরা একদিন পেয়ে যায় কূল,
বিপরীত স্রোত, প্রতিকূল আবহাওয়া
আটকাতে পারেনি লড়াকুর অগ্রযাত্রা
যা দেখে ওদের বেড়ে চলে আরো গাত্রদাহ, পুড়তে থাকে দ্বিগুণ আগুনে।

আর আজ ওদেরকে দেখে এদের করুণা হয়।
লোকে বলাবলি করে, দৃষ্টান্তমূলক প্রতিশোধ।



মনগড়া তীর্থ
মৌসুমী পুলেন

সুতো ছিঁড়ে পড়ে গেলো বিমর্ষ ঘুড়ি
রক্ত স্রোতে, সেই ঘোর লাগা
কুয়াশার ভেতর এতো আর্তনাদ জুলাই জুড়ে তবু ঘুরে ফিরে
খুনির কথাই জি'য়ে রাখে দানবের দল।

কচি বুকের আকাশ জোড়া স্বপ্ন পুড়ে খাক হলো আগুনের হল্কায়,
মা অপেক্ষায় বসে আছে ওদের আর ফেরা হলো না। আর এই শোকের
দিনেও সমুখে দাঁড়ায় সস্তা রাজনীতি।

আহা কোন ধূম্রজালে ঢেকে যায় একটা শহরের কিশোরের ঝলমলে সকাল,
শখের ছেলেবেলা একলা শঙ্খচিলের ডাক।

আমরা কেউ কেউ আলোর পথে কন্টক রেখে মনগড়া তীর্থ
স্থাপন করি, স্থাপত্যের গায়ে লেগে থাকে অপরাধের কালসিটে দাগ
তবু কেনো মননে মগজে তাদের পুষি।

নিষিদ্ধ উঠোন জুড়ে চাষ হয় পপিফুল, মানবতাহীন শুঁড়িখানা আড়ালে
জুয়াড়ীর ব্যস্ত টেবিল,

ষড়যন্ত্রের আবরণ ভেদ করে পাইনের বনে উদিত হোক নতুন সূর্য।

নিজেকে হারিয়ে খুঁজি
মাহমুদ নজির

নিজেকে হারিয়ে খুঁজি নিজের ভিতর
নিজের মতো করে
নিজেকে নিজেই বিনির্মাণে গড়ি
ঘষেমেজে উন্মুক্ত করি রোজ।

কতবার হারিয়ে গিয়ে
ঠিকানা খুঁজেছি ঘরে ফেরার,
কতবার নির্ণয় করেছি দিক পথ ভুলে।

বাবুই পাখির মতো ওড়ে ওড়ে
নিজেকে নিজেই যাচাই করে চলছি
বিপুল আগ্রহে আদি-অন্ত।

এই ক্ষণিক পরিভ্রমণের পথে
যতই উপরে উঠি
ততই মনে হয় ফাঁকা ফাঁকা,
শূন্য ও নিরাকার।

নিজেকে হারিয়ে খুঁজি
ধূ ধূ মাঠ, বিস্তীর্ণ প্রান্তরের ঘাসে-
ছায়াঘেরা সবুজ ছায়ায়।

ওপেন হওয়ার আগে
রজব বকশী

ওপেন হওয়ার আগে চিন্তা গাঁথা হয় নীরবে
ঝরে পড়ে বাড়তি বিভ্রান্তি
প্রস্ফুটিত হয় ধ্যান

আমি হাঁটি
কোন পদচ্ছাপ থাকে না পিছনে
একটি একক দৃষ্টি খুলে দেয় বহু চোখের জানালা
কাছে থেকেও দূরত্ব হাঁপিয়ে ওঠে
মুখস্থ হয় না মানুষ

কেউ কি দেখেছে পায়ের তলায় রাস্তা হাঁটতে?
বুদ্ধির কাঁকর হৃৎকমল খুলতে পারে না

পাথরে লুকিয়ে ছিল অণুসূর্য
এখন শুধু রসুইঘরে সীমাবদ্ধ নেই
ভিড় এখন রঙে রূপে ছুঁয়ে দেখে শিল্পের শরীর
অথচ হৃদয়সমুদ্র ফেনায় নিঃশব্দে জাগে সৃষ্টি-ব্যঞ্জন

কর্জ করা সময়টুকু
লুৎফুর রহমান চৌধুরী


দিনের আলোয় ছিনতাই হল পুরো আলামত
ঋণ করে এনেছিলাম কিছুটা সময়!
ময়নাতদন্ত করার জন্য--
কর্জ করা সময়টুকু কাজে লাগাতে পারিনি
মেঘের মত গূঢ় কালো ধোঁয়ায় ঢেকে গেছে,
তথ্য সংগ্রহের জায়গাটুকু।

টেলিস্কোপ দিয়ে যদি বায়োস্কোপের অন্দর মহল
পরিষ্কার ভাবে দেখা যেতো--
হয়তো শরীর থেকে ছিটকে পড়া অংশটুকু,
অবলোকন করা সক্ষম হত!
কিন্তু সেই সুযোগটুকু হাত ছাড়া হয়ে গেছে
আকাশের নির্লজ্জ গর্জনে।

কিংকর্তব্যবিমূঢ় হয়ে হাতে লেখনী নিয়ে ভাবছি
ডোরা কাটা বাঘের মুখে--
কলমখানি তাপমাপক যন্ত্র হিসাবে ঢুকিয়ে,
পুরো ঘটনার সত্যতা উন্মোচন করতে!
হয়তো রক্তে রঞ্জিত হতে পারে হস্তখানি
তাতে দুঃখ নেই, অনেক আগে রক্তাক্ত হয়ে আছে
হৃদয়ের পটভূমি।

নতুন প্রজন্মকে ইসলামের আলোকবর্তিকা হিসেবে গড়ে তোলার আহ্বান













প্রথম পৃষ্ঠার পর সকল অভিভাবকদেরকে নতুন প্রজন্মকে ইসলামের আলোকবর্তিকা হিসেবে গড়ে তোলার আহ্বান জানানোর পাশাপাশি ইসলামিক চরিত্র গঠনের মধ্য দিয়ে ইহলৌকিক ও পরোলৌকিক জীবন চলার পথকে শান্তিময় করকে মুনা কনভেনশন নতুন প্রজন্মের জন্য পাথেয় হয়ে রইল। অপরদিকে ইসলাম নিয়ে ইসলাম বিরোধীদের যেসব ভুল ধারণা, প্রচার-প্রপাকান্ড ও কর্মকান্ড রয়েছে তার বিরুদ্ধে সজাগ থেকে বিশেষ করে উত্তর আমেরিকায় বসবাসকারী বাংলাদেশী মুসলিম কমিউনিটির ছেলে-মেয়েদেরকে সজাগ করে তোলার জন্য মুনা'র পক্ষ থেকে আহ্বান জানানো হয় কনভেনশনের বিভিন্ন সেশনে।

ইসলামিক সাংস্কৃতিক ঐতিহ্যে আর বর্ণাঢ্য আয়োজনে গত ৮, ৯ ও ১০ আগষ্ট যথাক্রমে শুক্রবার, শনিবার ও রোববার ঐতিহাসিক 'পেনসিলভানিয়া কনভেনশন সেন্টার'-এ তিনদিনব্যাপী মুনা কনভেনশন অনুষ্ঠিত হয়। এদিকে এবারের মুনা কনভেনশনে সর্বস্তরের ১৫/২০ হাজার মুসলিম নর-নারীর সাথে শিশু-কিশোর-কিশোরী আর যুবকদের উপস্থিতও ব্যাপক পরিলক্ষিত হয়। খুবই সাজানো এবং গুছানো তাৎপর্যপূর্ণ এবারের কনভেনশনটি যেন আমেরিকায় জন্মগ্রহণ ও বেড়ে ওঠা পরবর্তী প্রজন্ম এবং বর্তমান প্রজন্মের সাথে এযেন এক মিলন মেলা। অপরদিকে মুনা কনভেনশন ঘিরে সর্বস্তরের হাজার হাজার মুসলিম নর-নারীর উপস্থিতিতে মুখরিত হয়ে উঠেছে ফিলাডেলফিয়া শহর।

কনভেনশন সেন্টারে শুক্রবার (৮ আগষ্ট) জুম্মার নামাজে ইমামতি করেন ইমাম সিরাজ ওয়াহহাজ। 'টচবিয়ার্স অব ইসলাম, স্প্রেডিং দ্যা ফেইথ গ্লোবালী' শ্লোগানে আয়োজিত এবারের মুনা কনভেনশন-২০২৫ রোববার বিকেল ৫টায় আছরের নামাজ আদায়ের মধ্যদিয়ে শেষ হয়। কনভেনশনের উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে রয়েছে একাধিক সেমিনার, শিশুদের বিভিন্ন রাইড, ইসলামিক সাংস্কৃতিক অনুষ্ঠান, বাজার, ইয়্যুথ প্রোগ্রাম, সিস্টার্স প্রোগ্রাম প্রভৃতি। বিশাল কনভেনশন সেন্টারের দ্বিতীয় তলায় ছিলো বিপুল সংখ্যক বিভিন্ন ধরনের পোশাক, খাবার, আইসক্রিম সহ বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান ও দাতব্য প্রতিষ্ঠানের স্টল।

কনভেনশনের দ্বিতীয় শনিবার (৯ আগষ্ট) সকাল থেকে শুরু হওয়া অনুষ্ঠানমালা চলে রাত এগারোটা পর্যন্ত। এদিন বিভিন্ন বিষয়ে ২৮টি সেশন অনুষ্ঠিত হয়। এদিন মুনা কনভেনশনে ভার্চুয়ালী বক্তব্য রাখেন বিশ্বব্যাপী জনপ্রিয় আলেম ড. শেখ মিজানুর রহমান আজাহারী ও শাইখ আহমাদুল্লাহ। এছাড়াও বিভিন্ন সেশনে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন শেখ আবদুর রহমান খান, আবুসামিহা সিরাজুল ইসলাম, শেখ আবদুস সালাম আজাদী, ড. মহসিন আনসারী, ইমাম সিরাজ ওয়াহহাজ, শেখ মোহাম্মদ এলশিনাভি, ডা. আলতাফ হোসেন, ইমাম রাগাব আবদেলমোনেইন, ইমাম দেলোয়ার হোসাইন, শেখ মেকাইল স্মিথ সহ আরো অনেক আলেম-ওলামা ও বিশিষ্ট ব্যক্তিবর্গ। *১৭-এর পৃষ্ঠায় দেখুন*
















নতুন প্রজন্মকে ইসলামের আলোকবর্তিকা হিসেবে গড়ে তোলার আহ্বান







১৬-এর পৃষ্ঠায় পর

এদিন রাতে সাইমুম শিল্পী গোষ্ঠী ও শিশুদের পরিবেশনায় ইসলামী সঙ্গীত পরিবেশন করা হয়। পাশাপাশি স্ট্যান্ড আপ কমিডি ও কবিতা আবৃত্তি সহ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শনিবারের মুনা কনভেনশনে আলোচিত সেশনের মধ্যে ছিল- ইসলামী মূল্যবোধের উন্নয়নে সম্প্রদায়ের ভূমিকা, আমলের পূর্ণতার জন্য বিশুদ্ধ নিয়ত অপরিহার্য, ইসলামের বিশ্বব্যাপী প্রসারে বাংলা অধিবেশন- পরিবর্তন চাই? শুরু হোক আমার থেকেই! প্রাথমিক মুসলিমদের অবদান, ইয়ুথ বয় প্রোগ্রামের মধ্য ইসলামের মাধ্যমে হৃদয়কে সংযুক্ত করা, নৈতিক রূপান্তরের পথিকৃৎ মুসলিমরা, শক্তিশালী সম্পর্ক নির্মাণ। ইয়ুথ সিস্টার সেশনগুলোর মধ্য আলোকিত পথ বিশ্বাসকে শক্তিশালী করে, একজন মুসলিমের আধ্যাত্মিক যাত্রা, মুসলিম নারী নেত্রীদের আত্মবিশ্বাস ও করুণার সাথে নেতৃত্ব দেওয়া, যেকোনো জায়গায় অন্যায়, সর্বত্র ন্যায়বিচারের জন্য হুমকিস্বরূপ। প্যারালাল সেশনের মধ্য ছিল- আমেরিকান ইনস্টিটিউট অফ ইন্টিগ্রেটেড থট-টুওয়ার্ডস হোলিস্টিক ডেভেলপমেন্ট (এআইআইটি) এর বাংলাদেশের ভবিষ্যৎ গঠন,যত্ন এবং ঐক্যের মাধ্যমে সংকটের প্রতিক্রিয়া জানানো এবং 'ত্রাণ প্রচেষ্টা কীভাবে জীবনকে বদলে দেয়' নিয়ে সেমিনার করে জাকাত ফাউন্ডেশন।

শনিবার সকাল থেকে শুরু হওয়া বিশেষ করে ইয়ুথ সেশনে খুবই গুরুত্বপূর্ণ ইসলামী জীবন যাপনের উপর আলোচনা করেন তরুণ ইসলামিক স্কলার ক্যাথলিক (খ্রিষ্টান ধর্ম) পরিবারে জন্মগ্রহণ করা আমেরিকান বংশোদ্ভূত বর্তমানে মুসলিম ধর্ম গ্রহণকারী ইমাম টম ফ্যাসিন। আল কোরআন ও হজরত মোহাম্মদ (সাঃ) এর জীবন বিধানের আলোকে চমৎকার রেফারেন্সের মাধ্যমে উপস্থাপন করা বক্তব্যটি আমেরিকান মুসলিম প্রজন্মের তরুণরা পিনপতন নীরবতার মধ্য দিয়ে পুরো বক্তব্যটি শ্রবন করেন। বিশেষ করে ইয়ুথ- সেশনে তরুণ- তরুণীদের উপস্থিতি ছিল ছোখে পড়ার মতো ।মেয়ে এবং ছেলেদের জন্য আলাদা কনফারেন্স রুম গুলি ছিল কানায় কানায় পরিপূর্ণ।

কনভেনশনের শেষ দিনে রোববার (১০ আগষ্ট) দিনের প্রধান অধিবেশনে বিশ্বাসের তরঙ্গায়িত প্রভাব : বিভিন্ন সমাজে ইসলামের ক্রমবর্ধমান প্রভাব, বহুসংস্কৃতির সম্প্রদায়ের মধ্যে ইসলামের রূপান্তরকারী শক্তি, ঐক্যের ঝলকে সংস্কৃতি জুড়ে ইসলামী শিক্ষা ছড়িয়ে দেয়া সহ বিভিন্ন সেশনে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। এদিন ইমাম সিরাজ ওয়াহহাজ, ড. আলতাফ হোসেন, ওস্তাদ আবদেল রহমান, ইমাম দেলোয়ার হোসেন, শাইখ আহমাদুল্লাহ সহ বিশিষ্ট আলোচকরা এসব সেশনে বক্তব্য রাখেন। এদিকে বেলা ১১টা থেকে অনুষ্ঠিত বিভিন্ন আলোচনা সভার পাশাপাশি মুনা শিশুদের পুরস্কার বিতরণী ও অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ইমাম দেলোয়ার হোসাইন ও আরমান চৌধুরী সহ মুনার নেতৃবৃন্দ শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এদিন ড. আতাউল ওসমানীর নেতৃত্বে মুনা'র সাংস্কৃতিক দল মনোজ্ঞ ইসলামিক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

এছাড়াও রোববার সকালে সাংবাদিকের সাথে মতবিনিময় করেন মুনা'র ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন এবং মুনা'র ন্যাশনাল এক্সিকিউটিভ ডাইরেক্টর আরমান চৌধুরী। এই সময় মুনা'র অন্যান্য কর্মকর্তাদের মধ্যে আমিনুর রসুল জামশেদ, হারুনুর রশিদ, মমিনুল ইসলাম মজুমদার, রশিদ আহমদ প্রমুখ উপস্থিত ছিলেন। এর আগে কনভেনশনের স্পন্সরদের সম্মানে মুনা নেতৃবৃন্দ প্রাতরাশের আয়োজন করেন।



















জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি'র বারবিকিউ পার্টি

শেষ পৃষ্ঠায় পর হোসেন, মাদারীপুর সমিতির সভাপতি কামরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রাশেদুজ্জামান হিমু, সৈয়দ রাব্বী প্রমুখ উপস্থিত ছিলেন।

সংগঠনের কর্মকর্তাদের মধ্যে ছিলেন প্রধান উপদেষ্টা ওসমান গনি, উপদেষ্টা যথাক্রমে ডা. ওয়াজেদ এ খান, ছদনূর নূর, রেজাউল করিম চৌধুরী, ডা. টমাস দুলু রায়, অধ্যাপিকা হুসনে আরা, শাহাব উদ্দিন সাগর, শাহ জে. চৌধুরী, আমিনুল ইসলাম চন্নু, সিনিয়র সহ সভাপতি এ এফ মিসবাউজ্জামান, সহ-সভাপতি কামরুল ইসলাম সনি, সাবেক সভাপতি সাইফুল ইসলাম ও বিলাল চৌধুরী, কোষাধ্যক্ষ মোহাম্মদ আক্তার বাবুল, সাবেক যুগ্ম সম্পাদক রিজু মোহাম্মদ প্রমুখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। সংগঠনের সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী ও 'ফ্যামিলি বারবিকিউ পার্টি' আয়োজন কমিটির আহ্বায়ক জে মোল্লা সানি অনুষ্ঠানের বিভিন্ন পর্ব পরিচালনা করেন। বেলা ১১টা থেকে শুরু হয় বাবরবিকিউ পার্টি। অন্যান্য পর্ব মিলে অনুষ্ঠান চলে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

অনুষ্ঠানে কংগ্রেসওম্যান গ্রেস মেং বলেন, জ্যামাইকার বাংলাদেশী কমিনিটি সব সময় যেমন তার পাশে রয়েছে, তেমনী তিনিও বাংলাদেশীদের পাশে রয়েছেন। যে কোন প্রয়োজনে তার সাথে যোগাযোগের আহবান জানান তিনি। স্টেট সিনেটর জন লু বাংলাদেশী খাবারের প্রশংসা করেন। এমন অনুষ্ঠান আয়োজনের প্রশংসা করেন কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ডও।

বনভোজনের আদলে আয়োজিত এই 'ফ্যামিলি বারবিকিউ পার্টি'র খাবার-দাবারে ছিলো ভিন্নতা। মূল আয়োজন বারবিকিউ পার্টি হলেও অনুষ্ঠানে বাচ্চাদের জন্য ছিলো হটডগ, অভিভাবকদের জন্য ঝালমুড়ি ভর্তা, আম ভর্তা, চা-পান সহ নানা আয়োজন। নতুন প্রজন্মের শিশু-কিশোর-কিশোরীদের জন্য ছিলো তাদের পছন্দের খাবার। যা তারা উপভোগ করছে। দিনব্যাপী ছিলো খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বিশেষ করে রশি টানাটানির পর্বটি ছিলো খুবই উপভোগ্য। এতে যৌথভাবে নারী-পূরুষরাও অংশ নেন। সাংস্কৃতিক পর্বে প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব, মারিয়া মৌ ও নিপা জামান সঙ্গীত পরিবেশন করেন। সবশেষে ছিলো র‍্যাফেল ড্র'র পুরস্কার বিতরণ।

অনুষ্ঠানটি আয়োজনে সার্বিক সহযোগিতায় আরো ছিলেন অনুষ্ঠান আয়োজন কমিটির প্রধান সমন্বয়কারী ইকবাল আহমেদ ও সদস্য সচিব নওশাদ হায়দার সহ ফ্রেন্ডস সোসাইটির সকল কর্মকর্তা ও সদস্যবৃন্দ।











অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Congratulations to all our Students who made into Specialized High School


Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন স্থানে ব্যবসা বাণিজ্যের মাধ্যমে বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

